

বাংলাদেশ



গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ৮, ২০১৮

৬ষ্ঠ খণ্ড

প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকরি কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

আপীল বিভাগ, ঢাকা

অফিস আদেশ

তারিখ : ১৫ জানুয়ারি ২০১৮

নং ৭০/২০১৮এসসি(এডি)—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগে ব্যক্তিগত কর্মকর্তা পদে কর্মরত সর্বজনাব মোহাম্মদ ইব্রাহিম ও মোহাম্মদ জয়নাল আবেদীন-এর চাকুরী ব্যক্তিগত কর্মকর্তা পদে গত ১৮-১২-২০০৭ খ্রি: হতে ১৭-১২-২০১৭ খ্রি: তারিখ পর্যন্ত পদোন্নতি ব্যতিরেকে একই পদে ১০ বছর সম্পন্ন করায় ও চাকুরী সন্তোষজনক হওয়ায় জাতীয় বেতন স্কেল/২০১৫ এর ৭ (১) অনুচ্ছেদ অনুযায়ী স্বয়ংক্রিয়ভাবে ১১তম বৎসরে ১৮-১২-২০১৭ খ্রি: তারিখ হতে ২২০০০—৫৩০৬০/- টাকার (৯ম গ্রেড)-এর পরবর্তী উচ্চতর বেতন স্কেল ২৩০০০—৫৫৪৭০/- (৮ম গ্রেড) টাকার স্কেলটি উচ্চতর স্কেল গ্রেড হিসেবে প্রদান করা হলো।

২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

আদেশক্রমে

মোহাম্মদ মেহেদী হাসান

ডেপুটি রেজিস্ট্রার (ভাঃ)।

দুর্নীতি দমন কমিশন

প্রধান কার্যালয়

ঢাকা

প্রজ্ঞাপন

তারিখ : ১৬ জানুয়ারি ২০১৮

নং ০৪.০১.০০০০.১০৪.১৫.২২৫.১৭-১৬১৭(১৫)—দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ফরিদপুর-এ কর্মরত কোর্ট পরিদর্শক জনাব সন্তোষ কুমার বালা-এর বয়স ৩১-০১-২০১৮ তারিখে ৫৯ বৎসর পূর্ণ হওয়ায় গণকর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ১২নং আইন) এর ৪ ধারা অনুযায়ী ৩১-০১-২০১৮ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। তাঁর অনুকূলে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পসাম্প্রিস্টহ ০১-০২-২০১৮ হতে ৩১-০১-২০১৯ খ্রি: তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসর উত্তর ছুটি (পি.আর.এল.) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

কাজী শফিকুল আলম

পরিচালক (প্রশাসন ও সংস্থাপন)।

বাংলাদেশের

কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

অডিট ভবন

অফিস আদেশাবলি

তারিখ : ২৮ ডিসেম্বর ২০১৭ খ্রি:

নং সিএজি/জিবি-২/১০৭/পার্ট-৪৪/৯৯—জনাব মোঃ জালাল উদ্দিন, নিরীক্ষা ও হিসাবরক্ষণ অফিসার, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, ঢাকা এর জন্ম তারিখ : ০১-০১-১৯৫৯ খ্রি:। তাঁর বয়স ৩১-১২-২০১৭ খ্রি: তারিখে ৫৯ বছর পূর্ণ হবে। উক্ত তারিখে সরকারি বিধি মোতাবেক তাঁর অবসর গ্রহণ কার্যকর হওয়ায় তাঁর আবেদনের প্রেক্ষিতে তাঁকে ০১-০১-২০১৮ খ্রি: তারিখ হতে ৩১-১২-২০১৮ খ্রি: তারিখ পর্যন্ত পূর্ণ গড় বেতনে ১২ (বার) মাস অবসর উত্তর ছুটির মঞ্জুরী আদিষ্ট হয়ে জারি করা হলো।

নং সিএজি/জিবি-২/১০৭/পার্ট-৪৫/১০০—জনাব মোঃ আইয়ুব আলী, উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট এর জন্ম তারিখ : ০১-০১-১৯৫৯ খ্রি:। তাঁর বয়স ৩১-১২-২০১৭ খ্রি: তারিখে ৫৯ বছর পূর্ণ হবে। উক্ত তারিখে সরকারি বিধি মোতাবেক তাঁর অবসর গ্রহণ কার্যকর হওয়ায় তাঁর আবেদনের প্রেক্ষিতে তাঁকে ০১-০১-২০১৮ খ্রি: তারিখ হতে ৩১-১২-২০১৮ খ্রি: তারিখ পর্যন্ত পূর্ণ গড় বেতনে ১২ (বার) মাস অবসর উত্তর ছুটির মঞ্জুরী আদিষ্ট হয়ে জারি করা হলো।

নং সিএজি/জিবি-২/১০৭/পার্ট-৪৩/১০২—জনাব সুলতান মুহাম্মদ ইসকান্দার, নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, সিএও/ভূমি মন্ত্রণালয়, ঢাকা এর জন্ম তারিখ : ০১-০১-১৯৫৯ খ্রি:। তাঁর বয়স ৩১-১২-২০১৭ খ্রি: তারিখে ৫৯ বছর পূর্ণ হবে। উক্ত তারিখে সরকারি বিধি মোতাবেক তাঁর অবসর গ্রহণ কার্যকর হওয়ায় তাঁর আবেদনের প্রেক্ষিতে তাঁকে ০১-০১-২০১৮ খ্রি: তারিখ হতে ৩১-১২-২০১৮ খ্রি: তারিখ পর্যন্ত পূর্ণ গড় বেতনে ১২ (বার) মাস অবসর উত্তর ছুটির মঞ্জুরী আদিষ্ট হয়ে জারি করা হলো।

নং সিএজি/জিবি-২/১০৭/পার্ট-৪৮/১০৩—জনাব মোঃ সাইফুল হক, নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, সিএও/স্থানীয় সরকার বিভাগ, ঢাকা এর জন্ম তারিখ : ৩০-১১-১৯৫৮ খ্রি:। তাঁর বয়স ২৯-১১-২০১৭ খ্রি: তারিখে ৫৯ বছর পূর্ণ হয়েছে। উক্ত তারিখে সরকারি বিধি মোতাবেক তাঁর অবসর গ্রহণ কার্যকর হওয়ায় তাঁর আবেদনের প্রেক্ষিতে তাঁকে ৩০-১১-২০১৭ খ্রি: তারিখ হতে ২৯-১১-২০১৮ খ্রি: তারিখ পর্যন্ত পূর্ণ গড় বেতনে ১২ (বার) মাস অবসর উত্তর ছুটির মঞ্জুরী আদিষ্ট হয়ে জারি করা হলো।

নং সিএজি/জিবি-১/পিএফ-১৮০৯/৩৩১—জনাব মোঃ মোশাররফ হোসেন, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়/পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, ঢাকা এর এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ : ০১-০১-১৯৫৯ খ্রি:। সে অনুযায়ী তাঁর বয়স ৩১-১২-২০১৭ খ্রি: তারিখে ৫৯ বছর পূর্ণ হবে। তিনি ৩১-১২-২০১৭ খ্রি: তারিখে সরকারি চাকরি হতে অবসর গ্রহণ করবেন। তাঁর আবেদনের প্রেক্ষিতে তাঁকে ০১-০১-২০১৮ খ্রি: তারিখ হতে ৩১-১২-২০১৮ খ্রি: তারিখ পর্যন্ত ১২ (বার) মাস পূর্ণ গড় বেতনে অবসর-উত্তর ছুটি (Post Retirement Leave) আদিষ্ট হয়ে মঞ্জুর করা হলো।

নং সিএজি/জিবি-১/পিএফ-১৮০৩/৩৩২—জনাব মোঃ আবু তাহের, উপ-পরিচালক, সিভিল অডিট অধিদপ্তর, ঢাকা এর এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ : ০২-০১-১৯৫৯ খ্রি:। সে অনুযায়ী তাঁর বয়স ০১-১২-২০১৮ খ্রি: তারিখে ৫৯ বছর পূর্ণ হবে। তিনি ০১-০১-২০১৮ খ্রি: তারিখে সরকারি চাকরি হতে অবসর গ্রহণ করবেন। তাঁর আবেদনের প্রেক্ষিতে তাঁকে ০২-০১-২০১৮ খ্রি: তারিখ হতে ০১-০১-২০১৯ খ্রি: তারিখ পর্যন্ত ১২ (বার) মাস পূর্ণ গড় বেতনে অবসর-উত্তর ছুটি (Post Retirement Leave) আদিষ্ট হয়ে মঞ্জুর করা হলো।

তারিখ : ২৭ ডিসেম্বর ২০১৭

নং সিএজি/জিবি-১/পিএফ-১৮২৫(১৬)/৩৩৩—জনাব সৈয়দ খলিলুর রহমান, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, ভূমি মন্ত্রণালয়, ঢাকা এর এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ : ০১-০১-১৯৫৯ খ্রি:। সে অনুযায়ী তাঁর বয়স ৩১-১২-২০১৭ খ্রি: তারিখে ৫৯ বছর পূর্ণ হবে। তিনি ৩১-১২-২০১৭ খ্রি: তারিখে সরকারি চাকরি হতে অবসর গ্রহণ করবেন। তাঁর আবেদনের প্রেক্ষিতে তাঁকে ০১-০১-২০১৮ খ্রি: তারিখ হতে ৩১-১২-২০১৮ খ্রি: তারিখ পর্যন্ত ১২ (বার) মাস পূর্ণ গড় বেতনে অবসর-উত্তর ছুটি (Post Retirement Leave) আদিষ্ট হয়ে মঞ্জুর করা হলো।

মোঃ নওসাদ হোসেন

অতিরিক্ত উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (প্রশাসন)।

নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর  
মূল্য সংযোজন কর

প্রজ্ঞাপন

তারিখ : ১১ জানুয়ারি ২০১৮ খ্রি:

নং ২(২০)নিঃগোঃতঃঅঃ/রাঃকঃ/ব্যক্তিগত-৬১৫/২০১৬/২৩১৭—নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা দপ্তরে কর্মরত রাজস্ব কর্মকর্তা (চঃদাঃ) জনাব বিলকিছ জাহানারাকে নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ এর বিধি ৩(১) ও অর্থ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-অম/অবি/প্রবি-১/চাঃবিঃ-৩/২০১০(অংশ-৩)/৬২, তারিখ: ০৬ এপ্রিল, ২০১০ এবং প্রজ্ঞাপন নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৫.৮১, তারিখ : ১৪ অক্টোবর, ২০১৫ মোতাবেক জন্ম তারিখ : ১৬-০১-১৯৫৯ খ্রি: অনুযায়ী আগামী ১৫-০১-২০১৮ খ্রি: তারিখে ৫৯ (উনষাট) বছর পূর্ণ হওয়ায় ১৬-০১-২০১৮ খ্রি: তারিখে অবসর এবং ১৬-০১-২০১৮ খ্রি: তারিখ হতে ১৫-০১-২০১৯ খ্রি: তারিখ পর্যন্ত ০১ (এক) বৎসর পূর্ণ গড় বেতনে অবসর উত্তর ছুটি মঞ্জুর করা হলো।

এ এফ এম আবদুল্লাহ খান  
মহাপরিচালক।

উপপরিচালক এর কার্যালয়  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী

অফিস আদেশ

তারিখ : ১৩ ডিসেম্বর ২০১৭

নং ১৮৯৪—কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অধীনে চাকুরীরত জনাব মোঃ শরাফত হোসেন, সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, পবা, রাজশাহী এর জন্ম তারিখ : ৩১-১২-১৯৫৮ খ্রি: অনুযায়ী ৩০-১২-২০১৭ খ্রি: তারিখে ৫৯ বছর বয়স পূর্তিতে অর্থ মন্ত্রণালয়ের ০৬-০৪-২০১০ তারিখে অম/অবি/প্রবি-১/চাঃবিঃ-৩/২০১০(অংশ-৩)/৬২ সংখ্যক প্রজ্ঞাপন (ক) অনুচ্ছেদ ও কৃষি মন্ত্রণালয়ের ০৮-১১-২০১৫ তারিখের ১২.০১২.০৩২.০২.০০.০০২.১৪.(অংশ) ১০৮২ সংখ্যক পরিপত্র এবং ১৯৫৯ সনের সংশোধিত নির্ধারিত ছুটি বিধির ৩(১) বি(২) ধারা মোতাবেক ৩০-১২-২০১৭ খ্রি: তারিখে অবসর গ্রহণ মঞ্জুরসহ ৩১-১২-২০১৭ খ্রি: তারিখ হতে ৩০-১২-২০১৮ খ্রি: তারিখ পর্যন্ত ১২ (বার) মাস পূর্ণ গড় বেতনে অবসর উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

দেব দুলাল ঢালী  
উপপরিচালক।

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, চট্টগ্রাম

আদেশাবলি

তারিখ : ০২ জানুয়ারি ২০১৮

নং ১৩.০৩.০০০০.০০২.১৯.০১৬.১৭-৪৬—চট্টগ্রাম জেলাধীন দেওয়ানহাট সিএসডির খাদ্য পরিদর্শক জনাব মোঃ আবুল কালাম আজাদ-কে কুমিল্লা জেলাধীন আদর্শ সদর উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তরে বদলি করা হলো।

অত্র আদেশ তার আবেদনের প্রেক্ষিতে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১১ জানুয়ারি ২০১৮

নং ১৩.০৩.০০০০.০০২.১৯.০১৬.১৭-১৭৮—খাগড়াছড়ি জেলাধীন রামগড় এলএসডির খাদ্য পরিদর্শক তথা ভারপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ জাকির হোসেন-কে (জেলা খাদ্য নিয়ন্ত্রক, খাগড়াছড়ি এর অধীনে বদলি আদেশাধীন) হালিশহর সিএসডিতে বদলি করা হলো।

অত্র আদেশ তার আবেদনের প্রেক্ষিতে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

মোঃ মাহবুবুর রহমান  
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক।

খাদ্য অধিদপ্তর  
প্রশাসন বিভাগ  
প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০৪ জানুয়ারি ২০১৮ খ্রি:

নং ১৮—নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাদের নামের পার্শ্বে উল্লিখিত পদ ও স্থানে বদলি করা হলো :

১. জনাব মোঃ আউয়াল হোসেন পাটোয়ারী, সহকারী ব্যবস্থাপক, দেওয়ানহাট সিএসডি, চট্টগ্রাম— উপনিয়ন্ত্রক, চসনি দপ্তর, চট্টগ্রাম।
২. জনাব শফিউদ্দিন আহমেদ, উপনিয়ন্ত্রক, চসনি দপ্তর, চট্টগ্রাম—সহকারী নিয়ন্ত্রক, চসনি দপ্তর, চট্টগ্রাম।
৩. জনাব মোহাম্মদ বেলাল, সহকারী নিয়ন্ত্রক (চঃদাঃ), চসনি দপ্তর, চট্টগ্রাম—সহকারী ব্যবস্থাপক (চঃদাঃ), দেওয়ানহাট সিএসডি, চট্টগ্রাম।

উপরোল্লিখিত কর্মকর্তাগণকে আগামী ০৭-০১-২০১৮ খ্রি: তারিখের মধ্যে বদলিকৃত কর্মস্থলে যোগদানের নির্দেশ দেয়া হলো। অন্যথায় ০৮-০১-২০১৮ খ্রি: তারিখ হতে উক্ত কর্মকর্তাগণ তাৎক্ষণিকভাবে কর্মবিমুক্ত বলে গণ্য হবেন।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

নং ১৯—নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাদের নামের পার্শ্বে উল্লিখিত পদ ও স্থানে বদলি করা হলো :

১. জনাব মুক্তা রানী সাহা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিহাতী, টাঙ্গাইল—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভূয়াপুর, টাঙ্গাইল।
২. জনাব মোঃ লতিফুর রহমান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, (চঃদাঃ), সখিপুর, টাঙ্গাইল—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (চঃদাঃ), কালিহাতী, টাঙ্গাইল।
৩. জনাব মোঃ আলী আযম, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, (চঃদাঃ), ভূয়াপুর, টাঙ্গাইল—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, (চঃদাঃ), মির্জাপুর, টাঙ্গাইল।

ক্রমিক নং-১ ও ২ এ বর্ণিত কর্মকর্তার আবেদনের প্রেক্ষিতে বদলি করায় তারা কোনো টিএ/ডিএ পাবেন না।

মহাপরিচালকের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ২০—নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাদের নামের পার্শ্বে উল্লিখিত পদ ও স্থানে বদলি করা হলো :

১. জনাব এ.বি.এম. ফারুক, আঞ্চলিক রক্ষণাবেক্ষণ কর্মকর্তা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা— আঞ্চলিক রক্ষণাবেক্ষণ কর্মকর্তা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ময়মনসিংহ।
২. জনাব সুভাষ চন্দ্র বিশ্বাস, আঞ্চলিক রক্ষণাবেক্ষণ কর্মকর্তা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ময়মনসিংহ— আঞ্চলিক রক্ষণাবেক্ষণ কর্মকর্তা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ফরিদপুর।
৩. জনাব মোঃ আবু সায়েম ফকির, আঞ্চলিক রক্ষণাবেক্ষণ কর্মকর্তা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ফরিদপুর— আঞ্চলিক রক্ষণাবেক্ষণ কর্মকর্তা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।

ক্রমিক নং-৩ এ বর্ণিত কর্মকর্তার আবেদনের প্রেক্ষিতে বদলি করায় তারা কোন টিএ/ডিএ পাবেন না।

মহাপরিচালকের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০৭ জানুয়ারি ২০১৮

নং ২৫—খাদ্য অধিদপ্তরের প্রশাসন বিভাগের ২৮-১২-২০১৭ খ্রি: তারিখের ২৪২৭ নং স্মারকে অন্যান্যদের সহিত জনাব মোঃ আব্দুল মান্নান তালুকদার, সহকারী উপপরিচালক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, খুলনাকে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বাগেরহাট সদর, বাগেরহাট হিসেবে বদলি করা হয়। এক্ষণে, উক্ত আদেশে তার অংশটুকু স্থগিত করা হলো।

এতে মহাপরিচালকের অনুমোদন রয়েছে।

তারিখ : ০৯ জানুয়ারি ২০১৮ খ্রি:

নং ৪৫—অত্র দপ্তরের ১৯-১২-২০১৭ খ্রি: তারিখের ২৩৬২ নং স্মারকে নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাঁদের নামের পার্শ্বে উল্লিখিত পদ ও স্থানে বদলি করা হয় :

১. জনাব আনিন বিকাশ চাকমা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, লোহাগড়া, চট্টগ্রাম—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সাতকানিয়া, চট্টগ্রাম।
২. জনাব মিলন কান্তি চাকমা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, লামা, বান্দরবান—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান।
৩. জনাব কৃষ্ণ মোহন চাকমা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, লামা, বান্দরবান।
৪. জনাব প্রীতি রঞ্জন চাকমা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নানিয়ারচর, রাজামাটি—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিলাইছড়ি, রাজামাটি
৫. জনাব বেথুয়েন চাকমা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিলাইছড়ি, রাজামাটি—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নানিয়ারচর, রাজামাটি।
৬. জনাব মোঃ গিয়াস উদ্দিন, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (চঃদাঃ), রায়পুর, লক্ষীপুর—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, (চঃদাঃ), হাজীগঞ্জ, চাঁদপুর।

৭. জনাব মোঃ সাখাওয়াত হোসেন, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (চঃদাঃ), সরাইল, ব্রাহ্মণবাড়িয়া—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, (চঃদাঃ), কচুয়া, চাঁদপুর।

৮. জনাব কামাল মিয়া, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (চঃদাঃ), নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, (চঃদাঃ), শাহরাস্তি, চাঁদপুর।

এক্ষণে, উপরোল্লিখিত কর্মকর্তাগণকে আগামী ১১-০১-২০১৮ খ্রি: তারিখের মধ্যে বদলিকৃত কর্মস্থলে যোগদানের নির্দেশ দেয়া হলো। অন্যথায় আগামী ১৪-০১-২০১৮ খ্রি: তারিখ হতে উক্ত কর্মকর্তাগণ তাৎক্ষণিকভাবে কর্মবিমুক্ত বলে গণ্য হবেন।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

নং ৪৬—অত্র দপ্তরের ১৯-০৭-২০১৭ খ্রি: তারিখের ১১৯২ নং স্মারকে নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাদের নামের পার্শ্বে উল্লিখিত পদ ও স্থানে বদলি করা হয় :

১. জনাব শেখ আনোয়ার হোসেন, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (চঃদাঃ), ভাড়ারিয়া, পিরোজপুর—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (চঃদাঃ), ফুলতলা, খুলনা।
২. জনাব মোঃ জাকির হোসেন, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলতলা, খুলনা—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দীঘলিয়া, খুলনা।

এক্ষণে, উপরোল্লিখিত কর্মকর্তাগণকে আগামী ১১-০১-২০১৮ খ্রি: তারিখের মধ্যে বদলিকৃত কর্মস্থলে যোগদানের নির্দেশ দেয়া হলো। অন্যথায় আগামী ১৪-০১-২০১৮ খ্রি: তারিখ হতে উক্ত কর্মকর্তাগণ তাৎক্ষণিকভাবে কর্মবিমুক্ত বলে গণ্য হবেন।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

তারিখ : ০৩ ডিসেম্বর ২০১৭ খ্রি:

নং ২২৯৪—খাদ্য অধিদপ্তরের প্রশাসন বিভাগের ১৯-১০-২০১৭ খ্রি: তারিখের ১৯২০ নং প্রজ্ঞাপনটি হাইকোর্ট ডিভিশনের বুলনিশির প্রেক্ষিতে ০৬-০২-২০১৮ খ্রি: তারিখ পর্যন্ত স্থগিত করা হলো।

মহাপরিচালকের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

তারিখ : ১৯ ডিসেম্বর ২০১৭ খ্রি:

নং ২৩৬০—নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়কে প্রশাসনিক প্রয়োজনে ও জনস্বার্থে তাদের নামের পার্শ্বে উল্লিখিত পদ ও স্থানে বদলি করা হলো:

১. জনাব মোঃ আঃ মান্নান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (চঃ দাঃ), বাকেরগঞ্জ, বরিশাল—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (চঃ দাঃ), পিরোজপুর সদর, পিরোজপুর।
২. জনাব আবু সাঈদ, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, (চঃ দাঃ), মেহেন্দীগঞ্জ, বরিশাল—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (চঃ দাঃ), নাজিরপুর, পিরোজপুর।

মহাপরিচালকের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

নং ২৩৬১—নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে প্রশাসনিক প্রয়োজনে ও জনস্বার্থে তাদের নামের পার্শ্বে উল্লিখিত পদ ও স্থানে বদলি করা হলো:

১. জনাব গাজী মোঃ মাজহারুল আনোয়ার, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তালা, সাতক্ষীরা—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মোল্লাহাট, বাগেরহাট।
২. জনাব আবু হেনা মোস্তফা কামাল, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (চঃদাঃ), কুমারখালী, কুষ্টিয়া—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (চঃদাঃ), তালা, সাতক্ষীরা।
৩. জনাব সন্দীপ কুমার দাস, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শার্শা, যশোর—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রামপাল, বাগেরহাট।
৪. জনাব মোঃ মনিরুজ্জামান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কেশবপুর, যশোর—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চিতলমারী, বাগেরহাট।
৫. জনাব মোঃ হাসান মিয়া, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিনাইদহ সদর, বিনাইদহ—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
৬. জনাব মোফাফ্ফারুল ইসলাম, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, (চঃদাঃ), দামুড়হুদা, চুয়াডাঙ্গা—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(চঃদাঃ), আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
৭. জনাব আয়েশা খাতুন, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

মহাপরিচালকের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৬ ডিসেম্বর ২০১৭ খ্রি:

নং ২৪০৩—নিম্নবর্ণিত কর্মকর্তাকে জনস্বার্থে তার নামের পার্শ্বে উল্লিখিত পদ ও স্থানে বদলি করা হলো :

জনাব মোঃ ওমর ফারুক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া সদর, বগুড়া—সহকারী ব্যবস্থাপক ও আহরণ ও ব্যয়ন কর্মকর্তা, মুলাডুলি সিএসডি, পাবনা।

জনাব মোঃ বোরহান উদ্দিন, সহকারী ব্যবস্থাপক(আহরণ ও ব্যয়ন কর্মকর্তা), মুলাডুলি সিএসডি, পাবনা আগামী ০৩-০৩-২০১৮ খ্রি: তারিখ পি.আর.এল. এ গমন করবেন বিধায় আদেশটি ০১-০৩-২০১৮ খ্রি: তারিখ থেকে কার্যকর হবে।

মহাপরিচালকের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

মামুন আল মোর্শেদ চৌধুরী  
উপ-পরিচালক (সংস্থাপন)।

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)  
উত্তরা, ঢাকা

আদেশ

তারিখ : ২৮ ডিসেম্বর ২০১৭ খ্রি:

নং ২(৭)১/ঢাকা উত্তর/জঃপ্রঃ/সদর/২০১৪/৮৯৮—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকায় কর্মরত নিম্নে উল্লিখিত সহকারী রাজস্ব কর্মকর্তাদ্বয়কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের পাশে বর্ণিত দপ্তরে বদলি/পদস্থ করা হলো :

ক্রঃ/নং	কর্মকর্তার নাম ও জন্ম তারিখ	বর্তমান কর্মস্থল	নতুন কর্মস্থল
(১)	(২)	(৩)	(৪)
১.	জনাব সৈয়দ আরিফুর রহমান জন্ম তারিখ-০১-০১-১৯৮৭	টংগী সার্কেল-১	ময়মনসিংহ সার্কেল-৩
২.	জনাব মোঃ কামরুল ইসলাম জন্ম তারিখ-২২-০৯-১৯৮৫	ময়মনসিংহ সার্কেল-৩ অতিরিক্ত কড়ইতলী এলসি	টংগী সার্কেল-১

২। নিজ দপ্তরের কোন গোপনীয়, স্পর্শকাতর ও মামলা সংক্রান্ত তথ্য থাকলে তা নিয়ন্ত্রণকারী রাজস্ব কর্মকর্তার নিকট হস্তান্তর করার জন্য বলা হলো।

৩। বদলিকৃত কর্মকর্তাগণ বর্তমান কর্মস্থল থেকে ২৮-১২-২০১৭ খ্রি: তারিখ অপরাহ্নে অব্যাহতিপ্রাপ্ত মর্মে গণ্য হবেন।

৪। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

মোঃ শামসুল আরেফিন খান  
ডেপুটি কমিশনার  
কমিশনারের পক্ষে।

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০৪ জানুয়ারি ২০১৮

নং ২য়/ইটি-৭(২)/বদলি/সিঃকমিঃ/২০১১(অংশ-১)/৭৯—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট-এর নিম্নবর্ণিত সহকারী রাজস্ব কর্মকর্তাকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁর নামের বিপরীতে উল্লিখিত কর্মস্থলে বদলি/পদস্থ করা হলো :

ক্রঃ নং	কর্মকর্তার নাম ও জন্ম তারিখ	বর্তমান দায়িত্ব	নতুন/বদলিকৃত কর্মস্থল
(১)	(২)	(৩)	(৪)
১.	জনাব মোঃ মিজানুর রহমান ১১-০৮-১৯৮৬	সদর দপ্তর, সিলেট	বড়ছড়া/বাগলী/চারাগাঁও এলসি স্টেশন

২। বর্ণিত কর্মকর্তা অবিলম্বে বদলিকৃত কর্মস্থলে যোগদান করবেন।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

তারিখ : ০৭ জানুয়ারি ২০১৮

নং ২য়/ইটি-৭২০/ব্যক্তিঃ/সিঃকমিঃ/২০১৫/৯০—জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নথি নং-০৮.০১.০০০০.০১১.০৫.০০২.১৬-১২৯৪, তারিখ-২৮-১২-২০১৭ মোতাবেক কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, সিলেট হতে বদলির আদেশ প্রাপ্ত নিম্নবর্ণিত রাজস্ব কর্মকর্তা-কে (৩) নং কলামে উল্লিখিত বদলিকৃত কর্মস্থলে যোগদানের জন্য (৪) নং কলামে বর্ণিত তারিখে অপরাহ্নে তাঁর বর্তমান কর্মস্থল হতে অবমুক্ত করা হলো :

ক্রঃ নং	কর্মকর্তার নাম	বদলিকৃত কর্মস্থল	অবমুক্তির তারিখ	২০১৮ পঞ্জিকা বছরে ভোগকৃত নৈমিত্তিক ছুটির পরিমাণ (দিন)
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১	জনাব মোঃ মনিরুজ্জামান মিয়া ১৫-১১-১৯৭২	কাস্টম হাউস, আইসিডি (কমলাপুর), ঢাকা।	০৭-০১-২০১৭	ছুটি ভোগ করেন নি

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

মোঃ শফিকুল ইসলাম  
কমিশনার।

## কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম

## প্রজ্ঞাপন

তারিখ : ১০ জানুয়ারি ২০১৮ খ্রি:

নং ২য়/১২-ইটি/আর ও-বদলি/২০১৩(অংশ-১)/২০৬—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম এ কর্মরত নিম্নবর্ণিত রাজস্ব কর্মকর্তা (চঃদাঃ)-কে কলাম (৩) এ বর্ণিত কর্মস্থল হতে কলাম (৪) এ বর্ণিত কর্মস্থলে সহকারী রাজস্ব কর্মকর্তার দায়িত্ব পালনের জন্য পদস্থ করা হলো :

ক্রঃ নং	কর্মকর্তার নাম ও জন্ম তারিখ	বর্তমান কর্মস্থল	পদস্থকৃত কর্মস্থল	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১.	জনাব মোহাম্মদ হাছান জন্ম তারিখ : ০১-০৭-১৯৬২	সদর দপ্তর (অডিট)	সদর দপ্তর : প্রেষণে-আগ্রাবাদ সার্কেল	

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে।

সৈয়দ গোলাম কিবরীয়া  
কমিশনার।

## কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট

## প্রজ্ঞাপন

তারিখ : ০৯ জানুয়ারি ২০১৮

নং ২য়/ইটি-৭(২)/বদলি/সিঃকঃমি/২০১১(অংশ-১)/১৬৪—জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নথি নং-০৮.০১.০০০০.০১৩.০৭.০০১.১৬/৮৫০, তারিখ : ২৮-১২-২০১৭ মোতাবেক বদলির আদেশ প্রাপ্ত কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট এর নিম্নবর্ণিত সহকারী রাজস্ব কর্মকর্তাকে বদলিকৃত কর্মস্থলে যোগদানের জন্য ১০-০১-২০১৮ তারিখ অপরাহ্নে তাঁর বর্তমান কর্মস্থল হতে অবমুক্ত করা হলো :

ক্রঃ নং	কর্মকর্তার নাম	বর্তমান কর্মস্থল	বদলিকৃত কর্মস্থল	২০১৮ পঞ্জিকা বছরে ভোগকৃত নৈমিত্তিক ছুটির পরিমাণ (দিন)
১	জনাব মোঃ ইজাজুল হক ১৬-০৫-১৯৭২	শেওলা এলসি স্টেশন	কাস্টম, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী।	কোনো ছুটি ভোগ করেন নি

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

মোঃ শফিকুল ইসলাম  
কমিশনার।

## কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম

## প্রজ্ঞাপন

তারিখ : ১০ জানুয়ারি ২০১৮ খ্রি:

নং ২য়/১২-ইটি/আর ও-বদলি/২০১৩(অংশ-১)/২০৫—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম এ কর্মরত নিম্নবর্ণিত রাজস্ব কর্মকর্তা/রাজস্ব কর্মকর্তা (চঃদাঃ)গণ-কে কলাম (৩) এ বর্ণিত কর্মস্থল হতে কলাম (৪) এ বর্ণিত কর্মস্থলে পদস্থ করা হলো :

ক্রঃ নং	কর্মকর্তার নাম ও জন্ম তারিখ	বর্তমান কর্মস্থল	পদস্থকৃত কর্মস্থল	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১.	জনাব এহসানুল হক জন্ম তারিখ-২৫-৯-১৯৫৯	সদর দপ্তর (মুসক বাস্তবায়ন)	সদর দপ্তর : প্রেষণে-আগ্রাবাদ বিভাগ	
২.	জনাব মোঃ শফিউল্লাহ জন্ম তারিখ-০১-০৫-১৯৬০	সদর দপ্তর (মুসক বাস্তবায়ন)	সদর দপ্তর : প্রেষণে-আগ্রাবাদ বিভাগ	
৩.	জনাব শোয়েব রায়হান জন্ম তারিখ-৩১-০১-১৯৬৪	সদর দপ্তর (অডিট)	সদর দপ্তর : প্রেষণে-আগ্রাবাদ বিভাগ	
৪.	জনাব আল মামুন সরকার জন্ম তারিখ-০১-০৭-৬৪	সদর দপ্তর (অডিট)	সদর দপ্তর : প্রেষণে-চট্টলা বিভাগ	

(১)	(২)	(৩)	(৪)	(৫)
৫.	জনাব মোঃ আব্দুর রাজ্জাক জন্ম তারিখ-১৯-০৯-১৯৬৪	সদর দপ্তর (অডিট)	সদর দপ্তর : প্রেষণে-চট্টলা বিভাগ	
৬.	জনাব কঞ্চা চৌধুরী জন্ম তারিখ-১৬-১০-১৯৬৫	সদর দপ্তর (অডিট)	সদর দপ্তর : প্রেষণে-চান্দগাঁও বিভাগ	
৭.	জনাব সুজল কুমার দত্ত জন্ম তারিখ-০৪-০৪-১৯৬৯	সদর দপ্তর (অডিট)	সদর দপ্তর : প্রেষণে-চান্দগাঁও বিভাগ	
৮.	জনাব মোঃ মিজানুর রহমান জন্ম তারিখ-০১-০১-৭১	সদর দপ্তর (অডিট)	সদর দপ্তর : প্রেষণে-কক্সবাজার বিভাগ	

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে।

সৈয়দ গোলাম কিবরীয়া  
কমিশনার।

কমিশনার, ঢাকা বিভাগ এর কার্যালয়, ঢাকা  
রাজস্ব শাখা  
প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১৯ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ/০২ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

নং ০৫.৪১.৩০০০.০০৯.১৮.০০১.১৭-০৮—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাদের নামের পার্শ্বে উল্লিখিত কার্যালয়ে বদলি/পদায়ন করা হলো :

ক্রমিক নম্বর	কর্মকর্তার নাম, পরিচিতি নং, পদবি ও বর্তমান কর্মস্থল	বদলি/পদায়নকৃত কর্মস্থল
(১)	জনাব মোঃ আসাদুজ্জামান পরিচিতি নং : ১৭৩২৯ সহকারী কমিশনার (ভূমি) হিসেবে কমিশনার ঢাকা বিভাগের কার্যালয়ে যোগদানকৃত নিজ জেলা : বরিশাল।	উপজেলা ভূমি অফিস ভেদরগঞ্জ, শরীয়তপুর।
(২)	জনাব সাদিয়া ইসলাম লুনা পরিচিতি নং : ১৭৪৬২ সহকারী কমিশনার (ভূমি) হিসেবে কমিশনার ঢাকা বিভাগের কার্যালয়ে যোগদানকৃত নিজ জেলা : ফরিদপুর।	উপজেলা ভূমি অফিস রাজবাড়ী সদর, রাজবাড়ী।

২। বদলি/পদায়নকৃত সহকারী কমিশনার (ভূমি) গণকে জনবান্ধব ভূমি অফিসে ১৫ (পনের) দিন সংযুক্ত রেখে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে অনুরোধ করত অদ্য ০২-০১-২০১৮ তারিখ অপরাহ্নে অত্র কার্যালয় হতে অবমুক্ত করা হলো।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

নং ০৫.৪১.৩০০০.০০৯.১৮.১৮৪.১৭-০৯—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁর নামের পার্শ্বে উল্লিখিত কার্যালয়ে বদলি/পদায়ন করা হলো :

ক্রমিক নং	কর্মকর্তার নাম, পরিচিতি নং, পদবি ও বর্তমান কর্মস্থল	বদলি/পদায়নকৃত কর্মস্থল
(১)	জনাব ইশরাত জাহান পরিচিতি নং : ১৬৯০৪ রেভিনিউ ডেপুটি কালেক্টর হিসেবে পদায়নের নিমিত্ত কমিশনার ঢাকা বিভাগের কার্যালয়ে যোগদানকৃত নিজ জেলা : মুন্সীগঞ্জ।	জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর

২। বদলি/পদায়নকৃত উপরোল্লিখিত কর্মকর্তাকে অদ্য ০২ জানুয়ারি ২০১৮ তারিখ অপরাহ্নে অত্র কার্যালয় হতে অবমুক্ত করা হলো।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

মোঃ নুরুন্নবী  
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)।

কর কমিশনারের কার্যালয়  
কর অঞ্চল রাজশাহী

প্রজ্ঞাপন

তারিখ : ০৩ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ২ই-৩/২০১৭-২০১৮/৮৫৯—পুনরাদেশ না দেয়া পর্যন্ত এই কর অঞ্চলের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাঁহাদের নামের পার্শ্বে উল্লিখিত কার্যালয়ে বদলি/অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হইল :

ক্রমিক	কর্মকর্তার নাম, পদবি	বর্তমান কর্মস্থল	যে কার্যালয়ে বদলি করা হইল	অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হইল
(১)	জনাব মোঃ কাওসার আলী উপ কর কমিশনার।	সদর দপ্তর : প্রশাসন কর অঞ্চল-রাজশাহী	উপ কর কমিশনারের কার্যালয় সার্কেল-২০, নাটোর।	উপ কর কমিশনারের কার্যালয় সার্কেল-২১, (সিংড়া) নাটোর।
(২)	জনাব মোঃ মোশাররফ হোসেন উপ কর কমিশনার।	উপ কর কমিশনারের কার্যালয় সার্কেল-২ (কোম্পানীজ), রাজশাহী।	..	সদর দপ্তর : প্রশাসন কর অঞ্চল-রাজশাহী
(৩)	জনাব মোঃ নজরুল ইসলাম সহকারী কর কমিশনার।	উপ কর কমিশনারের কার্যালয় সার্কেল-১৭ (বাঘা), রাজশাহী।	উপ কর কমিশনারের কার্যালয় সার্কেল-১৮ (বৈতনিক), রাজশাহী।	..
(৪)	জনাব মোঃ সোলায়মান মিয়া অতিরিক্ত সহকারী কর কমিশনার।	উপ কর কমিশনারের কার্যালয় সার্কেল-২০, নাটোর।	সদর দপ্তর : প্রায়োগিক কর অঞ্চল-রাজশাহী	..
(৫)	জনাব মোঃ পেয়ারু হোসেন অতিরিক্ত সহকারী কর কমিশনার।	উপ কর কমিশনারের কার্যালয় সার্কেল-১২ (ঈশ্বরদী), পাবনা।	..	উপ কর কমিশনারের কার্যালয় সার্কেল-১৭ (বাঘা), রাজশাহী।

২। এই আদেশ দ্বারা জনাব মোঃ মোশাররফ হোসেন উপ কর কমিশনার সার্কেল-২ (কোম্পানীজ), রাজশাহীকে সদর দপ্তর : প্রায়োগিক, কর অঞ্চল-রাজশাহী'র, জনাব মোঃ সোলায়মান মিয়া, অতিরিক্ত সহকারী কর কমিশনার, সার্কেল-২০, নাটোরকে সার্কেল-২১, (সিংড়া) এর অতিরিক্ত দায়িত্ব হইতে অব্যাহতি প্রদান করা হইল।

৩। অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ বিধি মোতাবেক দায়িত্ব ভাতা প্রাপ্ত হইবেন।

৪। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং অবিলম্বে কার্যকর হইবে।

ড. খন্দকার মোঃ ফেরদৌস আলম  
কর কমিশনার।

আদেশ

তারিখ : ০৪ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ২ই-৩/২০১৭-২০১৮/৮৬৮—জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-০৮.০১.০০০০.০১৯.১৯.০০৩.১৩/১২৬৭, তারিখ ২৮-১২-২০১৭ খ্রিঃ মোতাবেক নিম্নবর্ণিত কর্মকর্তাকে নতুন কর্মস্থলে যোগদানের নিমিত্তে অদ্য ০৪-০১-২০১৮ খ্রিঃ তারিখ পূর্বাঙ্কে এই কর অঞ্চলের দায়িত্ব হইতে অব্যাহতি প্রদান করা হইল :

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবি	যে অফিসে কর্মরত ছিলেন	যে অফিসে যোগদান করিবেন
(০১)	জনাব মোঃ শাহীন আক্তার হোসেন অতিরিক্ত কর কমিশনার (চঃদাঃ)।	পরিদর্শী অতিরিক্ত কার্যালয়, পরিদর্শী রেঞ্জ-১, কর অঞ্চল-রাজশাহী।	অতিরিক্ত কর কমিশনার (চঃদাঃ) পরিদর্শী রেঞ্জ-২, কর অঞ্চল-৩, ঢাকা।

ড. খন্দকার মোঃ ফেরদৌস আলম  
কর কমিশনার।

[একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত]  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

প্রজ্ঞাপন

তারিখ : ০৪ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ডিজি(ম)-১৪/২০১৬/১৮২—কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অধীন কর্মরত নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে একই পদ ও বেতন স্কেলে তাদের নামের পার্শ্বে উল্লিখিত স্থানে বদলিযোগে পদায়ন করা হলো :

- জনাব মোঃ বজলুল করিম কুতুবী, সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, উখিয়া, কক্সবাজার—সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, কক্সবাজার সদর, কক্সবাজার।
- জনাব মোঃ নজরুল ইসলাম, সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, বান্দরবান সদর, বান্দরবান—সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, উখিয়া, কক্সবাজার।

এই আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

মোঃ আব্দুল আজিজ  
মহাপরিচালক।



## প্রজ্ঞাপন

তারিখ : ১৪ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

নং ডিজি(ম)-১৪/২০১৬/১৩৭৫৭—কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অধীন কর্মরত নিম্নবর্ণিত কর্মকর্তাকে একই পদ ও বেতন স্কেলে তাঁর নামের পার্শ্বে উল্লিখিত স্থানে বদলিযোগে পদায়ন করা হলো :

জনাব মোঃ আতিয়ার রহমান, সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, আশাশুনি, সাতক্ষীরা—সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, কয়রা, খুলনা।

এই আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

মোঃ আব্দুল আজিজ  
মহাপরিচালক।

## অতিরিক্ত পরিচালকের কার্যালয়

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
বগুড়া অঞ্চল, বগুড়া

## প্রজ্ঞাপন

তারিখ : ০১ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ০৯(১১)—কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অধীন বিসিএস (কৃষি) ক্যাডার এর নিম্নবর্ণিত কৃষি সম্প্রসারণ কর্মকর্তাকে একই বেতন স্কেল ও সমপদমর্যাদায় তার নামের পার্শ্বে বর্ণিত পদ ও কর্মস্থলে শূন্যপদে বদলিযোগে পদায়ন/সমন্বয় করা হলো।

রাফসিয়া জাহান (পরিচিতি নং ৩২২৮), কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, ক্ষেতলাল, জয়পুরহাট—  
উদ্যানতত্ত্ববিদ উপ-পরিচালকের কার্যালয়, হার্টিকালচার সেন্টার, জামালগঞ্জ, জয়পুরহাট।

জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ মতিয়ার রহমান  
অতিরিক্ত পরিচালক।

বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম  
সংস্থাপন শাখা

## প্রজ্ঞাপন

তারিখ : ০৩ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ০৫.৪২.০০০০.০১৪.১৯.০১৩.১৭-১৩—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাদের নামের পার্শ্বে বর্ণিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হিসেবে বদলি/পদায়ন করা হল :

ক্রম	কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর	বর্তমান কর্মস্থলের নাম	যে উপজেলায় বদলি/পদায়ন করা হল
(০১)	জনাব মিতু মরিয়ম (১৬৩৪৭) নিজ জেলা : ঢাকা স্পাউজের জেলা : ঢাকা।	উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের জন্য বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রামে ন্যস্ত।	উপজেলা নির্বাহী অফিসার মুরাদনগর, কুমিল্লা।
(০২)	জনাব মোহাম্মদ রাসেলুল কাদের (১৬৩৯৭) নিজ জেলা : কক্সবাজার স্পাউজের জেলা : নোয়াখালী।	উপজেলা নির্বাহী অফিসার মুরাদনগর, কুমিল্লা।	উপজেলা নির্বাহী অফিসার পটিয়া চট্টগ্রাম।
(০৩)	জনাব শতবুপা তালুকদার (১৬৯০১) নিজ জেলা : চট্টগ্রাম স্পাউজের জেলা : ফেনী।	উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের জন্য বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রামে ন্যস্ত।	উপজেলা নির্বাহী অফিসার সেনবাগ, নোয়াখালী।
(০৪)	জনাব কে. এম. ইয়াসির আরাফাত (১৬৯৪৭) নিজ জেলা : চট্টগ্রাম স্পাউজের জেলা : কক্সবাজার।	উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের জন্য বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রামে ন্যস্ত।	উপজেলা নির্বাহী অফিসার লালমাই, কুমিল্লা।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং বর্ণিত কর্মকর্তা অবিলম্বে বদলিকৃত কর্মস্থলে যোগদান করবেন।

শংকর রঞ্জন সাহা  
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)।

বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা  
এস, এ শাখা  
প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০৪ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ০৫.৪৪.০০০০.০০২.১২.০০১.১৭-১৫—পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাঁর নামের পার্শ্বে বর্ণিত উপজেলা ভূমি অফিসে সহকারী কমিশনার (ভূমি) পদে এতদ্বারা বদলি/পদায়ন করা হলো :

ক্রঃ নং	কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর, পদবি, নিজ জেলা এবং স্পাউসের জেলা	যে প্রজ্ঞাপনমূলে ন্যস্ত	বর্তমান কর্মস্থল	বদলি/পদায়নকৃত কর্মস্থল
(০১)	জনাব আনোয়ার উজ জামান (১৭৫৬৪) সহকারী কমিশনার (ভূমি) নিজ জেলা-কিশোরগঞ্জ স্পাউসের জেলা-ঝিনাইদহ।	ভূমি মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-৩১.০০.০০০০.০৪৬.১৯.০২৯.১৭-৬৫৯ তারিখ : ৩০-০৮-২০১৭ খ্রিঃ।	বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।	উপজেলা ভূমি অফিস, বাঘারপাড়া, যশোর।

২। বর্ণিত কর্মকর্তাকে যশোর সদর উপজেলা ভূমি অফিসে (ইউনিয়ন ভূমি অফিসসহ) আগামী ০৭-০১-২০১৮ হতে ২১-০১-২০১৮ খ্রিঃ পর্যন্ত ১৫ (পনের) দিন মেয়াদী প্রশিক্ষণ গ্রহণের নিমিত্তে এতদ্বারা সংযুক্ত করা হলো। প্রশিক্ষণ শেষে সংশ্লিষ্ট কর্মকর্তা তাঁর বদলি/পদায়নকৃত কর্মস্থলে যোগদান করবেন।

৩। বর্ণিত কর্মকর্তাকে এ কার্যালয় হতে কোন বেতন/ভাতাদি প্রদান করা হয়নি। তাঁকে অদ্য ০৪-০১-২০১৮ খ্রিঃ অপরাহ্নে এ কার্যালয় হতে অবমুক্ত করা হলো।

৪। সংশ্লিষ্ট কর্মকর্তাকে নিজ অধিক্ষেত্রে দায়িত্ব পালনের নিমিত্ত সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারামতে সার্টিফিকেট অফিসারের ক্ষমতা অর্পণের মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

৫। জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০৮ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ০৫.৪৪.০০০০.০০২.১২.০০১.১৭-২৪—পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়কে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত উপজেলা ভূমি অফিসে সহকারী কমিশনার (ভূমি) পদে এতদ্বারা বদলি/পদায়ন করা হলো :

ক্রঃ নং	কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর, পদবি, নিজ জেলা এবং স্পাউসের জেলা	যে প্রজ্ঞাপনমূলে ন্যস্ত	বর্তমান কর্মস্থল	বদলি/পদায়নকৃত কর্মস্থল
(০১)	জনাব মোঃ রনি আলম নূর (১৭৫৪৯) সহকারী কমিশনার (ভূমি) নিজ জেলা-কুষ্টিয়া স্পাউসের জেলা-কুষ্টিয়া।	ভূমি মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-৩১.০০.০০০০.০৪৬.১৯.০২৯.১৭-৬৫৯ তারিখ : ৩০-০৮-২০১৭ খ্রিঃ।	বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।	উপজেলা ভূমি অফিস, চৌগাছা, যশোর।
(০২)	জনাব মোঃ মুসফিকুল আলম হালিম (১৭৫৯৩) সহকারী কমিশনার (ভূমি) নিজ জেলা-মানিকগঞ্জ স্পাউসের জেলা-ব্রাহ্মণবাড়িয়া।	ভূমি মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-৩১.০০.০০০০.০৪৬.১৯.০২৯.১৭-৬৫৯ তারিখ : ৩০-০৮-২০১৭ খ্রিঃ।	বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।	উপজেলা ভূমি অফিস, রামপাল, বাগেরহাট।

২। ০১ নং ক্রমিকে বর্ণিত কর্মকর্তাকে কুষ্টিয়া সদর এবং ০২ নং ক্রমিকে বর্ণিত কর্মকর্তাকে খুলনা সদর উপজেলা ভূমি অফিসে (ইউনিয়ন ভূমি অফিসসহ) আগামী ০৯-০১-২০১৮ খ্রিঃ হতে ২৩-০১-২০১৮ খ্রিঃ পর্যন্ত ১৫ (পনের) দিন মেয়াদী প্রশিক্ষণ গ্রহণের নিমিত্তে এতদ্বারা সংযুক্ত করা হলো। প্রশিক্ষণ শেষে সংশ্লিষ্ট কর্মকর্তাদ্বয় তাঁদের বদলি/পদায়নকৃত কর্মস্থলে যোগদান করবেন।

৩। বর্ণিত কর্মকর্তাদ্বয়কে এ কার্যালয় হতে কোন বেতন/ভাতাদি প্রদান করা হয়নি। তাঁদের অদ্য ০৮-০১-২০১৮ খ্রিঃ অপরাহ্নে এ কার্যালয় হতে অবমুক্ত করা হলো।

৪। সংশ্লিষ্ট কর্মকর্তাদ্বয়কে নিজ নিজ অধিক্ষেত্রে দায়িত্ব পালনের নিমিত্ত সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারামতে সার্টিফিকেট অফিসারের ক্ষমতা অর্পণের মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

৫। জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

লোকমান হোসেন মিয়া  
বিভাগীয় কমিশনার।

## মাঠ প্রশাসন শাখা

## প্রজ্ঞাপন

তারিখ : ২১ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

নং ০৫.৪৪.০০০০.০০৬.১৯.০১৫.১৭.৯৯০—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে এতদ্বারা বদলি/পদায়ন করা হলো :

ক্রম	কর্মকর্তার নাম, নিজ ও স্পাউসের জেলা	বর্তমান কর্মস্থল	বদলি/পদায়নকৃত কর্মস্থল
(১)	জনাব মোঃ ইবাদত হোসেন (১৬১২১) নিজ জেলা : নড়াইল স্পাউসের জেলা : শরীয়তপুর।	কুষ্টিয়া সদর, কুষ্টিয়া	চৌগাছা, যশোর

২। এ কার্যালয় হতে জারীকৃত ১৪-১২-২০১৭ তারিখের ০৫.৪৪.০০০০.০০৬.১৯.০১৫.১৭-৯৬৫ নং প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

লোকমান হোসেন মিয়া  
বিভাগীয় কমিশনার।

## বিভাগীয় কমিশনারের কার্যালয়

## রাজশাহী বিভাগ, রাজশাহী

## মাঠ প্রশাসন শাখা

## প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০১ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ০৫.৪৩.০০০০.০১৪.৩৪.০০১.১৭-০৩—প্রশাসনিক প্রয়োজনে নওগাঁ এবং জয়পুরহাট জেলায় কর্মরত সহকারী কমিশনারদ্বয়কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত তাদের নামের পাশে উল্লিখিত কার্যালয়ে সমপদে বদলি করা হল :

ক্রঃ নং	কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর পদবি ও নিজ জেলা	বর্তমান কর্মস্থল	বদলিকৃত কর্মস্থল
(১)	জনাব এস. এম ইমাম রাজী টুলু (১৭৮৫৮) সহকারী কমিশনার নিজ জেলা-খুলনা।	জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট	বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
(২)	জনাব আবদুল্লাহ আল মামুন (১৭৮৯৮) সহকারী কমিশনার নিজ জেলা-খুলনা।	জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ	বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

২। বদলিকৃত কর্মকর্তাগণ আগামী ১০-০১-২০১৮ তারিখের মধ্যে এ কার্যালয়ে যোগদান করবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ০৫.৪৩.০০০০.০১৪.৩৪.০০১.১৭-০৪—প্রশাসনিক প্রয়োজনে এ বিভাগে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাদের নামের পাশে উল্লিখিত কার্যালয়ে সমপদে বদলি করা হল :

ক্র. নং	কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর, পদবি ও নিজ জেলা	বর্তমান কর্মস্থল	বদলিকৃত কর্মস্থল
(১)	জনাব মোঃ হুমায়ুন কবীর (১৮০২৭) সহকারী কমিশনার নিজ জেলা-কুষ্টিয়া।	জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া	জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
(২)	জনাব শেখ মোঃ রাশেল (১৮১৬৬) সহকারী কমিশনার নিজ জেলা-নড়াইল।	জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া	জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ নূর-উর-রহমান  
বিভাগীয় কমিশনার।

## রাজস্ব শাখা

## প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০৪ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ০৫.৪৩.০০০০.০১১.০৯.০০১.১৮-২০—জেলা প্রশাসকের কার্যালয়, পাবনায় কর্মরত সহকারী কমিশনার জনাব শুভ দেবনাথ (১৭৯৫৭) কে তার এখতিয়ারাধীন এলাকায় সরকারি দাবী আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারা মোতাবেক জেনারেল সার্টিফিকেট অফিসারের ক্ষমতা প্রদান করা হলো।

তারিখ : ০৮ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ০৫.৪৩.০০০০.০১১.০৯.০০১.১৮-৩১—জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ এ কর্মরত সহকারী কমিশনার জনাব নয়ন কুমার রাজবংশী (১৭৯১৩) কে তার এখতিয়ারাধীন এলাকায় সরকারি দাবী আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারা মোতাবেক জেনারেল সার্টিফিকেট অফিসারের ক্ষমতা প্রদান করা হলো।

নং ০৫.৪৩.০০০০.০১১.০১.০০১.১৭-৩৫—ভূমি মন্ত্রণালয়ের ৩০-০৮-২০১৭ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১৯.০২৯.১৭-৬৫৯ নং প্রজ্ঞাপনে রাজশাহী বিভাগে ন্যস্তকৃত এবং যোগদানকৃত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত তার নামের পাশে বর্ণিত উপজেলায় সহকারী কমিশনার (ভূমি) হিসেবে পদায়ন করা হলো :

ক্রঃ নং	কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর, পদবি ও নিজ জেলা	বর্তমান কর্মস্থল	পদায়নকৃত কর্মস্থল	যে উপজেলা ভূমি অফিসে প্রশিক্ষণ দেয়া হবে তার নাম
(১)	জনাব মিন্টু বিশ্বাস (১৭৬১২) সহকারী কমিশনার (ভূমি) নিজ জেলা-মাগুরা	বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী	উপজেলা ভূমি অফিস, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ	উপজেলা ভূমি অফিস, সদর, চাঁপাইনবাবগঞ্জ

২। বর্ণিত কর্মকর্তা আগামী ১০-০১-২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে পদায়িত কর্মস্থলে যোগদান করবেন এবং ১১-০১-২০১৮ হতে ২৬-০১-২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত সংযুক্ত উপজেলা ভূমি অফিসে ভূমি ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করবেন।

৩। বর্ণিত কর্মকর্তাকে ০৮-০১-২০১৮ খ্রিঃ তারিখ অপরাহ্নে এ কার্যালয় হতে অবমুক্ত করা হল।

৪। বর্ণিত কর্মকর্তাকে নিজ এখতিয়ারাধীন এলাকায় সার্টিফিকেট মামলা পরিচালনার জন্য সরকারি দাবি আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারা মোতাবেক সার্টিফিকেট অফিসারের ক্ষমতা প্রদান করা হলো।

৫। জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ০৫.৪৩.০০০০.০১১.০১.০০১.১৭-১২২৮—ভূমি মন্ত্রণালয়ের ৩০-০৮-২০১৭ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১৯.০২৯.১৭-৬৫৯ নং প্রজ্ঞাপনে রাজশাহী বিভাগে ন্যস্তকৃত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত তার নামের পাশে বর্ণিত উপজেলায় সহকারী কমিশনার (ভূমি) হিসেবে পদায়ন করা হলো :

ক্রঃ নং	কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর, পদবি ও নিজ জেলা	বর্তমান কর্মস্থল	পদায়নকৃত কর্মস্থল	যে উপজেলা ভূমি অফিসে প্রশিক্ষণ দেয়া হবে তার নাম
(১)	জনাব নূরুল হাই মোহাম্মদ আনাছ (১৭৪০২) সহকারী কমিশনার (ভূমি) নিজ জেলা-নোয়াখালী	বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী	উপজেলা ভূমি অফিস পবা, রাজশাহী	খানা ভূমি অফিস বোয়ালিয়া, রাজশাহী

২। বর্ণিত কর্মকর্তা আগামী ০২-০১-২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে পদায়িত কর্মস্থলে যোগদান করবেন এবং ০৩-০১-২০১৮ হতে ১৭-০১-২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত সংযুক্ত উপজেলা ভূমি অফিসে ভূমি ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করবেন।

৩। বর্ণিত কর্মকর্তাকে ৩১-১২-২০১৭ খ্রিঃ তারিখ অপরাহ্নে এ কার্যালয় হতে অবমুক্ত করা হল।

৪। বর্ণিত কর্মকর্তাকে নিজ এখতিয়ারাধীন এলাকায় সার্টিফিকেট মামলা পরিচালনার জন্য সরকারি দাবি আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারা মোতাবেক সার্টিফিকেট অফিসারের ক্ষমতা প্রদান করা হলো।

৫। জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ নূর-উর-রহমান  
বিভাগীয় কমিশনার।

বিভাগীয় কমিশনারের কার্যালয়  
রংপুর বিভাগ, রংপুর  
সংস্থাপন শাখা  
প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১৮ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ/০১ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

নং ০৫.৪৭.০০০০.০০৬.০৮.০০৩.১৮-০৪—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁর নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে পদায়ন/বদলি করা হল :

ক্রঃ নং	কর্মকর্তার নাম ও পদবি	নিজ জেলা	বদলিকৃত পদ ও কর্মস্থল
১।	জনাব শামীমা সুলতানা (১৭৮৫৪) সহকারী কমিশনার জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।	নওগাঁ	সহকারী কমিশনার জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১৯ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ/০২ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

নং ০৫.৪৭.০০০০.০০৬.০৮.০০১.১৭-০৫—নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়-কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাদের নামের পার্শ্বে বর্ণিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়ন/বদলি করা হলো :

- জনাব মোঃ রফিকুল ইসলাম (১৬১৭৭), উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম—উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় গাইবান্ধা সদর, গাইবান্ধা।
- জনাব মুহঃ রাশেদুল হক প্রধান (১৬৩৭৮), উপজেলা নির্বাহী অফিসার, জলঢাকা, নীলফামারী—উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় রাজারহাট, কুড়িগ্রাম।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

কাজী হাসান আহমেদ  
বিভাগীয় কমিশনার।

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর

প্রজ্ঞাপন

তারিখ : ২০ অগ্রহায়ণ ১৪২৪/০৪ ডিসেম্বর ২০১৭

নং ১৫.৫৭.০০০০.০০১.৩৫.০০৩.১৩/৬০৪৩—বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১২-১১-২০১৭ তারিখের ৮০. ১০২.০১২.০০.০০.০১১.২০১৫-৩৪৬ সংখ্যক পত্রের সুপারিশ এবং তথ্য মন্ত্রণালয়ের ৩০ নভেম্বর ২০১৭ তারিখের ১৫.০০.০০০০. ০১৯.১২.০০২.১১-৪৪১ সংখ্যকপত্রের প্রেক্ষিতে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের ২য় শ্রেণির ইন্সপেক্টর-এর ১(এক) টি শূন্য পদে নিম্নলিখিত কর্মকর্তাকে নামের পার্শ্বে বর্ণিত পদ ও বেতনস্কেলে পদোন্নতি প্রদান করা হলো :

ক্রঃ নং	নাম ও পদবী	পদোন্নতি প্রাপ্ত পদের নাম ও বেতন স্কেল
১।	জনাব মোঃ আতাহার আলী হাওলাদার অডিটর।	ইন্সপেক্টর গ্রেড-১১ বেতন স্কেল (১২৫০০-৩০২৩০)

২। উপর্যুক্ত কর্মকর্তা ১ (এক) বছর শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন এবং সরকারি অন্যান্য বিধি বিধান যথাযথভাবে পূরণ সাপেক্ষে চাকরিতে স্থায়ী হবেন।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

মোহাম্মদ ইসতাক হোসেন  
মহাপরিচালক।

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি

প্রজ্ঞাপন

তারিখ : ০৬ ডিসেম্বর ২০১৭ খ্রি.

নং বিআরটিএ/২৭এ/৮৮-৪১৫৩/১—যেহেতু জনাব মোঃ সফিকুল ইসলাম, চেয়ারম্যানের একান্ত সচিব {সাবেক সহকারী পরিচালক (প্রশাসন) সহকারী (সাধারণ) হিসেবে বিআরটিএ, বিভাগীয় কার্যালয় চট্টগ্রামে সংযুক্তির ভিত্তিতে কর্মরত} এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা (নং ১৬/২০১২) রুজু করা হয়। অভিযুক্ত জবাব দাখিলের নিমিত্ত ১(এক) মাসে সময় বৃদ্ধির আবেদন করেন। ইতঃমধ্যে সহকারী পরিচালক (ইঞ্জিঃ) জনাব মোঃ নুরুজ্জামান ও জনাব মোঃ শহীদুল আযম কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে যথাক্রমে ২টি রিট পিটিশন (নং ৪৪৭৭/২০১২ ও ৪৪৭৮/২০১২) দায়ের করা হয়। উভয় রিট পিটিশনে “against the petitioner and other 33 Employees” উল্লেখ থাকায় যে আদেশের পরিপ্রেক্ষিতে বিভাগীয় মামলা রুজু করা হয় আদালত কর্তৃক সে আদেশের কার্যক্রম ৩ (তিন) মাসের জন্য স্থগিত করায় এবং পরবর্তীতে রিট মামলা ২টির স্থগিতাদেশ ৬(ছয়) মাস বৃদ্ধি করায় বিভাগীয় মামলার (নং-১৬/২০১২) পরবর্তী কার্যক্রম স্থগিত রাখা হয়। তৎপরবর্তীতে উক্ত রিট মামলা ২টি প্রত্যাহারের মাধ্যমে নিষ্পত্তি হওয়ায় এ অথরিটির গত ২৩-১১-২০১৪ খ্রি: তারিখের বিআরটিএ/২৭এ/৮৮-৩১৮৬ নং স্মারকমূলে ১০(দশ) কর্মদিবসের মধ্যে বিভাগীয় মামলার জবাব প্রদানের জন্য পত্র দেয়া হয়। সে মোতাবেক অভিযুক্ত গত ০৭-১২-২০১৪খ্রি: তারিখে জবাব

দাখিল করেন। জবাবে ব্যক্তিগত শুনানীর ইচ্ছা ব্যক্ত করায় গত গত ৩০-১২-২০১৪ খ্রি: তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। জবাব ও ব্যক্তিগত শুনানী গ্রহণযোগ্য না হওয়ায় এ অথরিটির উপপরিচালক (রোড সেফটি) জনাব মোঃ হামিদুর রহমানকে গত ০১-০১-২০১৫ খ্রি: তারিখের বিআরটিএ/২৭এ/৮৮-৩০ নং স্মারকমূলে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা গত ০২-০৩-২০১৫ খ্রি: তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধির অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালা ৪(৩)(বি) বিধি মোতাবেক কেন বাধ্যতামূলক অবসরদণ্ড প্রদান করা হবে না মর্মে এ কার্যালয়ের গত ১২-০৭-২০১৭খ্রি: তারিখের বিআরটিএ/২৭এ/৮৮-২২৩৯নং স্মারকমূলে অভিযুক্তকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ দেয়া হয়। তিনি ২৬-০৭-২০১৭ খ্রি: তারিখে দ্বিতীয় কারণ দর্শানোর জবাব দাখিল করেন। আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন, ১ম ও ২য় কারণ দর্শানোর জবাব ও সংশ্লিষ্ট সকল কাগজাদি পর্যালোচনায় সম্পদ অর্জনে সরকারের পূর্বানুমতি গ্রহণ না করার অভিযোগটি প্রমাণিত হয়েছে। সার্বিক পর্যালোচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধির অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় জনাব মোঃ সফিকুল ইসলামকে দোষী সাব্যস্ত করে উক্ত বিধিমালা ৪(২)(ই) বিধি মোতাবেক ১(এক) টি বার্ষিক বর্ধিত বেতন অবনমিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, এফ্রণে, জনাব মোঃ সফিকুল ইসলামকে ১৬/২০১২নং বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধির অভিযোগে উক্ত বিধিমালা ৪(২)(ই) বিধি মোতাবেক ১(এক)টি বার্ষিক বর্ধিত বেতন অবনমিতকরণ করা হলো। অবনমিতকরণ দশাদেশের মেয়াদ দশাদেশে জারির তারিখ থেকে পরবর্তী ১(এক) বছর পর্যন্ত বহাল থাকবে এবং আদেশের মেয়াদ সমাপ্তিতে অবনমিতকাল পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধির জন্য বিবেচিত হবে।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

মোঃ মশিউর রহমান  
চেয়ারম্যান।

পুলিশ হেডকোয়ার্টার্স  
প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২ জানুয়ারি ২০১৮

নং জিএ/২-২০১৭(অংশ)/৩২—নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে তাঁদের নামের পাশে উল্লিখিত স্থানে বদলি/পদায়ন করা হলো :

- ১। জনাব মোহাম্মদ মোবারক হোসেন (বিপি নং ৮০১০১২৬৮০৩, অতিরিক্ত পুলিশ সুপার, কেরানীগঞ্জ সার্কেল, ঢাকা—অতিরিক্ত পুলিশ সুপার, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (টিআর পদে)।
- ২। জনাব রামানন্দ সরকার (বিপি-৮২১১১৪২৫৩৫), অতিরিক্ত পুলিশ সুপার, রেলওয়ে পুলিশ, ঢাকা—অতিরিক্ত পুলিশ সুপার, কেরানীগঞ্জ সার্কেল, ঢাকা।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং জিএ/১০-২০১৪ (ইস)/৩৩—পুলিশ হেডকোয়ার্টার্সের বিজ্ঞপ্তি নং জিএ/১০-২০১৪(ইস)/৪৫৩২, তারিখ ৩১-১২-২০১৭খ্রি: মোতাবেক বগুড়া জেলার নিরস্ত্র পুলিশ পরিদর্শক (পিবিআই, ঢাকায় বদলির আদেশপ্রাপ্ত) জনাব খান মোঃ এরফান (বিপি ৬৭৯৫০১০৩৯৭) এর পিবিআই, ঢাকায় বদলির আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০৯ জানুয়ারি ২০১৮

নং জিএ/২-২০১৭ (অংশ-১)/১০১—নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে তাঁদের নামের পাশে উল্লিখিত স্থানে বদলি/পদায়ন করা হলো :

- ১। জনাব মোহাম্মদ নূরে আলম (বিপি ৭৭০৬১১৯৭৮৭), অতিরিক্ত পুলিশ সুপার, ময়মনসিংহ—অতিরিক্ত পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
- ২। জনাব জি. এম আবুল কালাম আজাদ (বিপি নং ৮০০৮১২১৫৯১), অতিরিক্ত পুলিশ সুপার, পিরোজপুর—অতিরিক্ত পুলিশ সুপার, খুলনা।
- ৩। জনাব মোহাম্মদ ছানোয়ার হোসেন (বিপি-৮০১০১২৬৮৭৯), অতিরিক্ত পুলিশ সুপার, সদর সার্কেল, নেত্রকোণা—অতিরিক্ত পুলিশ সুপার, সদর সার্কেল, গোপালগঞ্জ।
- ৪। ডাঃ কানিজ হোসেন জাহান (বিপি-৭৩০৬১১৯৭০৭), অতিরিক্ত পুলিশ সুপার, সদর সার্কেল, ঝিনাইদহ—অতিরিক্ত পুলিশ সুপার, সিআইডি, কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ, ঢাকায় সংযুক্ত।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

এ কে এম শহীদুল হক, বিপিএম, পিপিএম  
ইসপেক্টর জেনারেল।

বিজ্ঞপ্তি

তারিখ : ১০ জানুয়ারি ২০১৮

নং জিএ/৬-২০১৬(ইস)/১০৯—জাতিসংঘ শান্তিরক্ষা বাহিনীর UNMISS (UNPOL), South Sudan মিশন শেষে প্রত্যাবর্তনকৃত এবং পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকায় রিপোর্টকৃত নিম্নবর্ণিত পুলিশ পরিদর্শকগণকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে তাদের নামের পাশে উল্লিখিত স্থানে বদলি/পদায়ন করা হলো :

- ১। জনাব মোঃ সালাহউদ্দিন (বিপি-৮২০৬১০৪৬০০), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, গাজীপুর জেলা—চট্টগ্রাম রেঞ্জ।
- ২। জনাব মোঃ তৈয়বুর রহমান (বিপি-৮৩০৬১০৪৪২৪), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, পিবিআই, ঢাকা—পিবিআই, ঢাকা।
- ৩। জনাব মোহাম্মদ জিয়াউল করিম (বিপি-৭৭৯৯০৮১২৪৫), শহর ও যাববাহন পুলিশ পরিদর্শক, গাজীপুর জেলা—ঢাকা রেঞ্জ।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ মোখলেসুর রহমান, বিপিএম (বার)  
এ্যাডিশনাল আইজি (এএডও)।

## প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০২ জানুয়ারি ২০১৮

নং জিএ/৭-২০১৭ (অংশ)(ইস)/৩৪—ডিএমপি, ঢাকায় কর্মরত সশস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ হারুন অর রশিদ (বিপি-৫৯৭৮০৪৬২০৩)-কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত আবেদনক্রমে টিডিএস, ঢাকায় বদলি করা হলো।

উল্লিখিত পুলিশ পরিদর্শক বদলিকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ১০-০১-২০১৮ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ১১-১-২০১৮ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

নং জিএ/১-২০১৭(ইস)/৩৫—মুন্সীগঞ্জ জেলায় কর্মরত সশস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ সফিকুল ইসলাম খান (বিপি-৬৩৮১০৮৮১৬৮) কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে এপিবিএন এ বদলি করা হলো।

উল্লিখিত পুলিশ পরিদর্শক বদলিকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ১০-১-২০১৮ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ১১-১-২০১৮ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

নং জিএ/২-২০১৭ (অংশ)(ইস)/৩৬—নিম্নবর্ণিত নিরস্ত্র পুলিশ পরিদর্শকদ্বয়কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত আবেদনক্রমে তাদের নামের পার্শ্বে উল্লিখিত স্থানে বদলি করা হলো :

- ১। জনাব মোহাম্মদ আফজাল হোসেন তালুকদার (বিপি-৭৮০৬১১৮৯২২), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, হবিগঞ্জ জেলা—সিআইডি, ঢাকা।
- ২। জনাব শেখ আতিয়ার রহমান(বিপি-৬৭৯০০৬৯৮৪৮), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, চুয়াডাঙ্গা জেলা—হাইওয়ে পুলিশ।

উল্লিখিত পুলিশ পরিদর্শকদ্বয় বদলিকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ১০-১-২০১৮ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ১১-১-২০১৮ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

নং জিএ/২-২০১৫(ইস)/৩৭—আরআরএফ, রংপুরে কর্মরত সশস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ মকিব্বার রহমান (বিপি-৬৫৮৩৫০২৪০) কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহীতে বদলি করা হলো।

উল্লিখিত পুলিশ পরিদর্শক বদলিকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ১০-০১-২০১৮ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ১১-১-২০১৮ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

নং জিএ/৭-২০১৭(ইস)/৩৮—নিম্নবর্ণিত সশস্ত্র পুলিশ পরিদর্শকগণকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত তাদের নামের পার্শ্বে উল্লিখিত স্থানে বদলি করা হলো :

- ১। জনাব মোঃ আব্দুল্লাহ মিয়া (বিপি-৬২৮১০৯১৯৭১), সশস্ত্র পুলিশ পরিদর্শক, ঢাকা জেলা—ডিএমপি, ঢাকা।

২। জনাব মোঃ আমিনুল ইসলাম (বিপি-৬৬৮৪০৩৪৩১১), সশস্ত্র পুলিশ পরিদর্শক, খাগড়াছড়ি জেলা—খুলনা রেঞ্জ।

৩। জনাব মোঃ আশরাফুল ইসলাম (খসরু) (বিপি-৬২৮১০৩০৪১৫), সশস্ত্র পুলিশ পরিদর্শক, ডিএমপি, ঢাকা—ঢাকা রেঞ্জ।

৪। জনাব মোঃ মতিন উল্লাহ (বিপি-৬৫৮৬০৫১৭৮১), সশস্ত্র পুলিশ পরিদর্শক, রাজশাহী জেলা—ডিএমপি, ঢাকা।

৫। জনাব মোঃ সোলায়মান (বিপি-৬১৮০০৫২২৬৫), সশস্ত্র পুলিশ পরিদর্শক, নীলফামারী জেলা—পিটিসি, নোয়াখালী।

ক্রমিক নং-৪ এ বর্ণিত পুলিশ পরিদর্শককে জনস্বার্থে বদলি করা হয়েছে বিধায় তিনি যাতায়াত ভাতা প্রাপ্য হবেন।

উল্লিখিত পুলিশ পরিদর্শকগণ বদলিকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ১০-১-২০১৮ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ১১-১-২০১৮ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

মোঃ রুহুল আমিন, বিপিএম

এ্যাডিশনাল ডিআইজি (পার্সোনেল ম্যানেজমেন্ট-২)।

## প্রজ্ঞাপন

তারিখ : ৩ জানুয়ারি ২০১৮

নং জিএ/৪-২০১৭(অংশ-১)/৪১—নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে তাঁদের নামের পার্শ্বে উল্লিখিত স্থানে বদলি/পদায়ন করা হলো :

- ১। জনাব মোঃ তোফাজ্জেল হোসেন (বিপি নং-৬৫৮৯০৭২০৫৫), সহকারী পুলিশ সুপার (সদর), কিশোরগঞ্জ—সহকারী পুলিশ সুপার, সিআইডি, ঢাকা।
- ২। জনাব মোঃ জিয়াউর রহমান (বিপি-৮৫১৩১৫৯৪৮৩), সহকারী পুলিশ সুপার (সদর), চট্টগ্রাম—সহকারী পুলিশ সুপার এসএএফ, চট্টগ্রাম।
- ৩। জনাব তাপস রঞ্জন ঘোষ (বিপি-৮৬১২১৪৭৭৩৮), সহকারী পুলিশ সুপার (সদর), সুনামগঞ্জ—সহকারী পুলিশ সুপার (সদর), সুনামগঞ্জ—সহকারী পুলিশ সুপার, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (টিআর)।
- ৪। জনাব মোহাম্মদ আমিনুল হক বাপ্পী (বিপি-৮৪১৪১৬৬২৩৫), সহকারী পুলিশ সুপার (সদর), গাজীপুর—সহকারী পুলিশ সুপার মধুখালী সার্কেল, ফরিদপুর।
- ৫। জনাব এস.এম সাহাবউদ্দীন আহমেদ (বিপি-৮৬১২১৪৭৭৪৮), সহকারী পুলিশ সুপার (সদর), ঝিনাইদহ—সহকারী পুলিশ সুপার, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (টিআর)।
- ৬। জনাব মোঃ ফারুক হোসেন (বিপি-৮৮১৪১৬৬২৭৭), সহকারী পুলিশ সুপার (সদর), পটুয়াখালী—সহকারী পুলিশ সুপার, বাউফল সার্কেল, পটুয়াখালী।

- ৭। জনাব মোঃ আনোয়ার হোসেন(বিপি-৮৬১২১৪৭৬৫৮), সহকারী পুলিশ সুপার (সদর), বগুড়া—সহকারী পুলিশ সুপার, নন্দীগ্রাম সার্কেল, বগুড়া।
- ৮। জনাব শেখ ইমরান (বিপি ৮৬১৩১৫৯৩৪৩), সহকারী পুলিশ সুপার, এসপিবিএন, ঢাকা—সহকারী পুলিশ কমিশনার, কেএমপি, খুলনা।
- ৯। জনাব শাহনেওয়াজ রাজু, বিপিএম-সেবা (বিপি-৮৫১২১৪৭৬৪৭) সহকারী পুলিশ সুপার, মধুখালী সার্কেল, ফরিদপুর—সহকারী পুলিশ সুপার, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
- ১০। জনাব ইমরান আসহাব (বিপি-৮৭১৩১৫৯৩৭৫), সহকারী পুলিশ সুপার, ১ম এপিবিএন, ঢাকা—সহকারী পুলিশ সুপার, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

এ কে এম শহীদুল হক, বিপিএম, পিপিএম  
ইসপেক্টর জেনারেল।

### রেলওয়ে পুলিশ হেডকোয়ার্টার্স

আদেশ

তারিখ : ২০ ডিসেম্বর ২০১৭

নং ৩১—পুলিশ হেডকোয়ার্টার্স ঢাকা স্মারক নং জিএ/২-২০১৭ (অংশ-১)(ইস)/২৮৩১/১(২০) তারিখ: ৪-৯-২০১৭ খ্রিঃ, পুলিশ হেডকোয়ার্টার্স ঢাকা স্মারক নং জিএ/২-২০১৭(ইস)/৪২৭৪/১(২১) তারিখ : ১২-১২-২০১৭ খ্রিঃ এবং পুলিশ হেডকোয়ার্টার্সে ঢাকা স্মারক নং জিএ/৫-২০১৭(ইস)/৪২৭৫/১(১৮) তারিখ : ১২-১২-২০১৭ খ্রিঃ মূলে রেলওয়ে পুলিশ হেডকোয়ার্টার্সে যোগদানকৃত নিম্নবর্ণিত নিরস্ত্র পুলিশ পরিদর্শকগণকে তাদের নামের পার্শ্বে বর্ণিত স্থানে বদলি করা হল।

- ১। জনাব মোঃ সারওয়ার আলম, (বিপি-৭১৯৭০১০২৯৬), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, (২০-১২-২০১৭ খ্রিঃ তারিখ পূর্বাঙ্কে অত্র হেডকোয়ার্টার্সে যোগদানকৃত)—চট্টগ্রাম রেলওয়ে জেলা।
- ২। জনাব মোঃ আব্দুল মালেক (বিপি-৬১৮১০১০২৩১), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, (১৯-১২-২০১৭ খ্রিঃ তারিখ পূর্বাঙ্কে অত্র হেডকোয়ার্টার্সে যোগদানকৃত)—চট্টগ্রাম রেলওয়ে জেলা।
- ৩। জনাব মোঃ সলেমান হোসেন মোল্লা (বিপি-৬৪৮৩০ ৩৮৪৫৬), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, (১৮-১২-২০১৭ খ্রিঃ তারিখ পূর্বাঙ্কে অত্র হেডকোয়ার্টার্সে যোগদানকৃত)—সৈয়দপুর রেলওয়ে জেলা।

ক্রমিক নং ১ ও ২ আবেদনক্রমে বদলি হয়েছেন বিধায় তারা কোন যাতায়াত ভাতা পাবেন না। ক্রমিক নং ৩-কে জনস্বার্থে বদলি করা হল।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোহাম্মদ আবুল কাশেম, বিপিএম-সেবা  
অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক।

### পুলিশ হেডকোয়ার্টার্স

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০৭ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

নং জিএ/৩৬-২০১৭(ইস)/৮৫—নিম্নবর্ণিত শহর ও যানবাহন পুলিশ পরিদর্শকগণকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে তাদের নামের পার্শ্বে উল্লিখিত স্থানে বদলি করা হলো :

- ১। জনাব সৈয়দ মাহবুবুর রহমান (বিপি-৬৯৯৪০১১১৬২), শহর ও যানবাহন পুলিশ পরিদর্শক, ময়মনসিংহ জেলা—র্যাব।
- ২। জনাব কাজী আবদুর রউফ (বিপি-৬০৭৯০১২০৬১), শহর ও যানবাহন পুলিশ পরিদর্শক, বালকাঠি জেলা—ঢাকা রেঞ্জ।
- ৩। জনাব সরদার বুলবুল আহমেদ (বিপি-৮০০৩০১০৬৮৫), শহর ও যানবাহন পুলিশ পরিদর্শক, যশোর জেলা—ডিএমপি, ঢাকা।

উল্লিখিত পুলিশ পরিদর্শকগণ বদলিকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ১৭-১-২০১৮ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ১৮-১-২০১৮ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

নং জিএ/৩৬-২০১৭(ইস)/৮৬—সুনামগঞ্জ জেলায় কর্মরত শহর ও যানবাহন পুলিশ পরিদর্শক জনাব মোঃ রেজাউর রহমান (বিপি-৭৮০৩০০৫৭৯৩) কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে দায়িত্ব পালনের লক্ষ্যে পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকায় সংযুক্ত করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

এ, কে, এম শহীদুল হক, বিপিএম, পিপিএম  
ইসপেক্টর জেনারেল।

রেঞ্জ ডিআইজির কার্যালয়, চট্টগ্রাম।

আদেশাবলি

তারিখ : ১৮ পৌষ ১৪২৪/০১ জানুয়ারি ২০১৮

নং প্রশা/০৩-২০১৭(অংশ)/০৮—পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং জিএ/৬-২০১৩(অংশ)(ইস)/৪২৭৬, তারিখ ১২-১২-২০১৭ খ্রিঃ মোতাবেক জাতিসংঘ শান্তিরক্ষা মিশন শেষে প্রত্যাবর্তনকৃত (বান্দরবান জেলা হইতে মিশনে গমনকৃত) এবং পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকায় রিপোর্টকৃত নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ মশিয়ার রহমান (বিপি-৬৮৯৫০১০৫৪৩) বদলিসূত্রে ৩১-১২-২০১৭ খ্রিঃ তারিখে অত্র দপ্তরে যোগদান করায় তাহাকে জনস্বার্থে বান্দরবান পার্বত্য জেলায় বদলি করা হইল।

এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।



তারিখ : ১৯ পৌষ ১৪২৪/০২ জানুয়ারি ২০১৮

নং প্রশা/০৩-২০১৭(অংশ)/২৯—পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং জিএ/১০-২০১৪(অংশ)(ইস)/৫৫২/১(৫), তারিখ ১৬-২-২০১৭খ্রিঃ মোতাবেক সিআইডি, ঢাকা এর নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মুহাম্মদ গিয়াস উদ্দিন (বিপি নং-৮৩০৪১২০৬৬৯) বদলিসূত্রে ২৯-১২-২০১৭ খ্রিঃ তারিখে অত্র দপ্তরে যোগদান করায় তাহাকে জনস্বার্থে খাগড়াছড়ি পার্বত্য জেলায় বদলি করা হইল।

এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।

ড. এস এম মনির-উজ-জামান, বিপিএম, পিপিএম  
ডিআইজি।

পুলিশ সুপারের কার্যালয়  
রেলওয়ে জেলা, চট্টগ্রাম

অফিস আদেশাবলি

তারিখ : ০৬ জানুয়ারি ২০১৮

নং ১৬(২৩)/গোপাঃ—চট্টগ্রাম রেলওয়ে জেলা নিম্নবর্ণিত নিরস্ত্র পুলিশ পরিদর্শকদের নামের পার্শ্বে বর্ণিত স্থানে জনস্বার্থে বদলি করা হল:

- ১। জনাব মোঃ সারওয়ার আলম, বিপি ৭১৯৭০১০২৯৬, পুলিশ পরিদর্শক (নিঃ) লাইন ওআর, পুলিশ লাইন্স, রেলওয়ে জেলা, চট্টগ্রাম—অফিসার ইনচার্জ, চাঁদপুর রেলওয়ে থানা।
- ২। জনাব উছমান গণি পাঠান, বিপি ৬৮৮৭০০৯০৭১, পুলিশ পরিদর্শক(নিঃ) অফিসার ইনচার্জ, চাঁদপুর রেলওয়ে থানা—অফিসার ইনচার্জ, লাকসাম রেলওয়ে থানা।
- ৩। জনাব স্বপন কান্তি বড়ুয়া, বিপি-৬৪৮৯০৬০৪১৮, পুলিশ পরিদর্শক (নিঃ), অফিসার ইনচার্জ, লাকসাম রেলওয়ে থানা—আইআরপি, ময়মনসিংহ রেলওয়ে সার্কেল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

তারিখ : ০৭ জানুয়ারি ২০১৮

নং ১৯(২১)/গোপাঃ—চট্টগ্রাম রেলওয়ে জেলার নিম্নবর্ণিত নিরস্ত্র পুলিশ পরিদর্শকদের নামের পার্শ্বে বর্ণিত স্থানে জনস্বার্থে বদলি করা হল:

- ১। জনাব মোঃ আব্দুস সাত্তার, বিপি ৬৭৮৭০১০৩৭০, পুলিশ পরিদর্শক (নিঃ), অফিসার ইনচার্জ, আখাউড়া রেলওয়ে থানা—ডিআইও-১, আরএসবি, চট্টগ্রাম।
- ২। জনাব শ্যামল কান্তি দাস, বিপি ৬৪৮২০৯৫৮২০, পুলিশ পরিদর্শক (নিঃ), লাইন ওআর, রেলওয়ে জেলা, চট্টগ্রাম—অফিসার ইনচার্জ, আখাউড়া রেলওয়ে থানা।

ক্রমিক নং-১ এ বর্ণিত অফিসারকে অস্থায়ীভাবে ডিআইও-১, আরএসবি, চট্টগ্রাম হিসেবে বদলি করা হল। অ্যাডিশনাল ইন্সপেক্টর জেনারেল, স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা মহোদয়ের সদয় অনুমোদনক্রমে পরবর্তীতে স্থায়ীভাবে পদায়ন করা হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

মোঃ নজরুল ইসলাম বিপিএম, পিপিএম  
পুলিশ সুপার।

রেঞ্জ ডিআইজির কার্যালয়, চট্টগ্রাম

আদেশাবলি

তারিখ : ১৯ পৌষ ১৪২৪/০১ জানুয়ারি ২০১৮

নং প্রশা/০৫-২০১৭/৩০—পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং- জিএ/১-২০১৭(আরআই)/৩৯০৮, তারিখ : ১৬-১১-২০১৭ খ্রিঃ মোতাবেক মুন্সীগঞ্জ জেলা এর সশস্ত্র পুলিশ পরিদর্শক (আরআই) জনাব মোস্তফা কামাল (বিপি ৬০৭৯০৪৬০০৩) বদলিসূত্রে ০১-০১-২০১৮ খ্রিঃ তারিখে অত্র দপ্তরে যোগদান করায় তাঁকে জনস্বার্থে আরআরএফ, চট্টগ্রাম সংস্থার আরআই হিসেবে বদলি/পদায়ন করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

তারিখ : ২০ পৌষ ১৪২৪/০৩ জানুয়ারি ২০১৮

নং প্রশা/০৩-২০১৭(অংশ)/৬৩—কুমিল্লা জেলার নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ নাসির উদ্দীন (বিপি নং-৭২৯৯০০৯১২৬) এর চট্টগ্রাম রেঞ্জ দপ্তর আদেশ নং প্রশা/০৩-২০১৭(অংশ)/০৫, তারিখ ০১-০১-২০১৮ খ্রিঃ মূলে রাঙ্গামাটি পার্বত্য জেলায় জারীকৃত বদলি আদেশ বাতিল পূর্বক আবেদনক্রমে কক্সবাজার জেলায় বদলি করা হলো।

আবেদনক্রমে বদলি করা হয়েছে বিধায় তিনি কোন প্রকার যাতায়াত ভাতা প্রাপ্য হবে না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

নং প্রশা/০৩-২০১৭(অংশ)/৬৪—পুলিশ সুপার, ফেনী জেলা এর দপ্তর স্মারক নং-২০/গোপনীয়, তারিখ ০৩-০১-২০১৮ খ্রিঃ প্রেক্ষিতে ফেনী জেলায় কর্মরত নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ কামাল হোসেন (বিপি নং ৬৫৮৩০১০৩৪৭) এর চট্টগ্রাম রেঞ্জ দপ্তর আদেশ নং-প্রশা/০৩-২০১৭(অংশ)/০৭, তারিখ ০১-০১-২০১৮ খ্রিঃ মূলে বান্দরবান পার্বত্য জেলায় জারীকৃত বদলির আদেশ আবেদনক্রমে বাতিলপূর্বক আগামী ০১-০১-২০১৯ খ্রিঃ তারিখে স্বেচ্ছায় অবসর গ্রহণের স্বার্থে কুমিল্লা জেলায় বদলি করা হলো।

আবেদনক্রমে বদলি করা হয়েছে বিধায় তিনি কোন প্রকার যাতায়াত ভাতা প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

তারিখ : ১৬ পৌষ ১৪২৪/৩০ ডিসেম্বর ২০১৭

নং প্রশা/০৩-২০১৭(অংশ)/২৮৯৯—পুলিশ সুপার, চাঁদপুর জেলা এর দপ্তর স্মারক নং-গোপ/০৩-২০১৭/১৩৭২, তারিখ ২৪-১০-২০১৭ খ্রিঃ এর প্রেক্ষিতে চাঁদপুর জেলার নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোহাম্মদ ইবরাহিম খলিল (বিপি-৭৪৯৯০৫৩৫২৬) এর চট্টগ্রাম রেঞ্জ দপ্তর আদেশ নং প্রশা/০৩-২০১৭/২১৬৪, তারিখ ১৭-১০-২০১৭ খ্রিঃ মূলে রাঙ্গামাটি পার্বত্য জেলায় জারীকৃত বদলির আদেশ আবেদনক্রমে এতদ্বারা বাতিল করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

ড. এস এম মনির-উজ-জামান, বিপিএম, পিপিএম  
ডিআইজি।

জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা  
ভূমি অধিগ্রহণ শাখা  
অধিগ্রহণ মামলা নং ১৩/২০১৬-২০১৭  
ফরম 'ঙ'  
(৬নং বিধি দ্রষ্টব্য)  
ঘোষণা

[১২(১) ধারা মোতাবেক]

যেহেতু, নিম্নোক্ত তফসিলে বর্ণিত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণের তারিখ হতে ৬০ দিনের মধ্যে ক্ষতিপূরণ প্রদান বা জমা করা হয়নি এবং ইহার জন্য সম্পত্তির মালিক বা স্বার্থবান ব্যক্তিগণ দায়ী নহেন।

সেহেতু, এক্ষণে, ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১২ ধারার (১) উপধারা অনুসারে আমি ঘোষণা করিতেছি যে, ০৮-১২-২০১৭ খ্রিঃ তারিখ হতে নিম্নোক্ত সম্পত্তি সম্পর্কে গৃহীত অধিগ্রহণ সংক্রান্ত কার্যধারা বাতিল করা হলো।

তফসিল

মোজা : ঘটখালী, জে এল নং-২৯, সিট নং-০৫, উপজেলা : আমতলী, জেলা : বরগুনা।

খতিয়ান নং	দাগ নং	দাগে মোট জমির পরিমাণ		অধিগ্রহণকৃত জমির পরিমাণ	
		একর	শতাংশ	একর	শতাংশ
১	২	৩	৪	৫	৬
১৫	৪২৫৯	-	৩৪	-	১৭৬০
৬৮৬	৪২৬০	২	৬৬	১	৬৫৩০
৬৪৮	৪২৮৩	৫	৫০	১	৩৩০০
১৫	৪২৯৫	৪	৫৮	-	৮৪১০
২৪৫	৪২৯৬	১	৬৮	১	০০০০

সর্বমোট = ৫.০০ একর।

মোঃ মোখলেছুর রহমান  
জেলা প্রশাসক।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়  
রাজশাহী।

প্রজ্ঞাপন

তারিখ : ১৪ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ৩৮.০১.৮১০০.০০০.০৬.০০১.১৪-৮০—প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ১২ মার্চ ২০১৪ তারিখের ৩৮.০০৮.০৩৫.০০.০০.০০৭. ২০১২-১১৯নং স্মারকের জারীকৃত প্রজ্ঞাপনের ১.৯ হতে ১.১ অনুচ্ছেদ পর্যন্ত ক্যাটাগরীতে মনোনয়ন মোতাবেক পবা উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি নিম্নরূপভাবে গঠন করা হলো :

উপদেষ্টা

- মাননীয় সংসদ সদস্য-৫৪, রাজশাহী-৩  
চেয়ারম্যান
- উপজেলা পরিষদ চেয়ারম্যান, পবা, রাজশাহী।  
নির্বাহী ভাইস চেয়ারম্যান
- উপজেলা নির্বাহী অফিসার, পবা, রাজশাহী।

ভাইস চেয়ারম্যান

- উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান (২ জন), পবা, রাজশাহী।

সদস্যবৃন্দ

- উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পবা, রাজশাহী।
- উপজেলা প্রকৌশলী, পবা, রাজশাহী।
- মেয়র, নওহাটা পৌরসভা, পবা, রাজশাহী।
- জনাব মোঃ ফজলে রেজবি আল হাসান (মুঞ্জিল), চেয়ারম্যান, হরিপুর ইউনিয়ন পরিষদ, পবা, রাজশাহী।
- জনাব মোঃ লুৎফর রহমান, প্রধান শিক্ষক, এম, আর, কে উচ্চ বিদ্যালয়, হরিয়ান, পবা, রাজশাহী।
- জনাব জান্নাতুন নাঈম, পিতা/স্বামী-আলহাজ্ব এনামুল হক, হরিপুর, পবা, রাজশাহী।
- জনাব মোঃ হাফিজুর রহমান, পিতা-কোকিল উদ্দিন, নওহাটা, পবা, রাজশাহী।
- জনাব বজলুর রহমান, সভাপতি, এস, এম, সি, মদনহাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়, পবা, রাজশাহী।
- জনাব সৈয়দা সুরভী রাহমান, প্রধান শিক্ষক, বড়গাছী সরকারি প্রাথমিক বিদ্যালয়, পবা, রাজশাহী।
- ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, পবা, রাজশাহী।

সদস্য-সচিব

- উপজেলা শিক্ষা অফিসার, পবা, রাজশাহী।

কমিটিতে মনোনিত সদস্যগণের মেয়াদকাল মনোনয়নের তারিখ হতে ০৩ (তিন) বছর বলবৎ থাকবে।

নফীসা বেগম  
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার।

জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ  
(এল,এ শাখা)

এল.এ. কেস নং-০১/২০১৫-১৬

ফরম ৬

(৬নং বিধি দ্রষ্টব্য)

ঘোষণা

[১২(১) ধারা মোতাবেক]

যেহেতু নিম্নোক্ত তফসিলে বর্ণিত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণের পর ৭(৪) ধারামতে প্রাক্কলন প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে ক্ষতিপূরণ প্রদান বা জমা করা হয় নাই এবং ইহার জন্য উক্ত সম্পত্তির মালিক বা স্বার্থবান ব্যক্তিগণ দায়ী নহেন।

সেহেতু, এক্ষণে, ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ)-এর ১২ ধারার (১) উপধারা অনুসারে আমি ঘোষণা করিতেছি যে ০৯-০৮-২০১৬ খ্রিঃ তারিখ হইতে নিম্নোক্ত সম্পত্তি সম্পর্কে গৃহীত অধিগ্রহণ সংক্রান্ত কার্যধারা বাতিল করা হইল।

## তফসিল

মৌজা : বড় চকগোপাল, জে.এল. নং-৯১, উপজেলা-ধামইরহাট, জেলা-নওগাঁ।

খতিয়ান নং	দাগ নং	জমির পরিমাণ (একর)
১২৮	৩৪	০.০৭০০
৯৫	৩৫	০.১৪২০
৪৬	৩৬	০.০২০০
৪৬	৩৭	০.০২৩০
১	৩৮	০.০৭৫০
		মোট=০.৩৩ একর।

মোট জমির পরিমাণ কম বা বেশী=০.৩৩ একর।

মোঃ আহসান হাবিব  
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ  
(এল.এ শাখা)  
এল.এ. কেস নং-০৬/২০১৩-১৪  
ফরম চ  
(৬নং বিধি দ্রষ্টব্য)

বিজ্ঞপ্তি  
[১২(২) ধারা মোতাবেক]

যেহেতু, ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ)-এর অধীনে নিম্নোক্ত তফসিলে বর্ণিত সম্পত্তি অধিগ্রহণের ক্ষেত্রে ০৬/২০১৩-১৪ নং মামলার কার্যধারা ২৯ ডিসেম্বর তারিখের ২০১৪ সনে শুরু করা হইয়াছিল, অথচ ইহার জন্য এখন পর্যন্ত কোন ক্ষতিপূরণ প্রদান করা হয় নাই।

সেহেতু, এক্ষেত্রে, উপরোক্ত অধ্যাদেশের ১২ ধারার (২) উপধারা মোতাবেক বর্ণিত ক্ষমতা বলে আমি সরকারের পূর্ব অনুমোদন গ্রহণ করিয়া উক্ত সম্পত্তি অধিগ্রহণ সম্পর্কিত সমুদয় কার্যধারা প্রত্যাহার/রদ করিলাম।

## তফসিল

মৌজা : সাপাহার, জে.এল. নং-১৩৪, উপজেলা-সাপাহার, জেলা-নওগাঁ।

খতিয়ান নং	দাগ নং	জমির পরিমাণ (একর)
১০২	৫৯০	০.৩৩
		মোট=০.৩৩ একর।

মোট জমির পরিমাণ কম বা বেশী=০.৩৩ একর।

মোঃ আহসান হাবিব  
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়  
এল এ শাখা  
২০১৬ সালের সম্পত্তি অধিগ্রহণ কেস নং ০৭/২০১৬-১৭  
বিজ্ঞপ্তি  
ফরম “ঘ”  
(৫নং বিধি দ্রষ্টব্য)

ঘোষণা  
[ধারা ১১(২) মোতাবেক]

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, নিম্নবর্ণিত তফসিলের সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হয়েছে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ, ১৯৮২ (১৯৮২

সালের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে ঐ সম্পত্তির ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হবে মর্মে গণ্য হয়েছে।

সেহেতু, এক্ষেত্রে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হলো এবং ঐ সম্পত্তি সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হলো।

## তফসিল

জেলা-পঞ্চগড়, উপজেলা-তেঁতুলিয়া, মৌজা-বাংলাবান্দা, জে এল নং-১।

খতিয়ান নং	দাগ নং	অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে)
১০৮	১৮	০.১০০০
২৩৪	২৩	০.১৫০০
১১১	২৪	০.০৭০০
১১১	২৫	০.৩৩০০
১১১	২৬	০.০৬০০
২৩৪	২৭	১.০১০০
২৩৪	২৮	০.১২০০
২৩৪	২৯	০.১৬০০
		মোট - ২.০০০০ একর

অমল কৃষ্ণ মন্ডল  
জেলা প্রশাসক।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
নবাবগঞ্জ, ঢাকা

বিজ্ঞপ্তি

তারিখ : ১৬ জানুয়ারি ২০১৮ খ্রিঃ।

নং ০৫.৪১.২৬৬২.০০০.৫৭.০১০.১৩-৩২—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন-২০০৯ এর ৩৫(২) ধারায় অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ তোফাজ্জল হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, নবাবগঞ্জ, ঢাকা সর্বসাধারণের জ্ঞাতার্থে বিজ্ঞপ্তি প্রকাশ করছি যে ঢাকা জেলার নবাবগঞ্জ উপজেলার ০১ নং শিকারীপাড়া ইউনিয়ন পরিষদের ০৪নং ওয়ার্ড সদস্য জনাব মোঃ আয়নাল হক, পিতা-মৃত মোঃ চান মিয়া, মাতা-ছামিরন নেছা, গ্রাম-শিকারীপাড়া, ডাকঘর-শিকারীপাড়া, উপজেলা-নবাবগঞ্জ, জেলা-ঢাকা গত ১১-০১-২০১৮ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার ভোর ০৬-১০ মিনিটে ইত্তেকাল করেছেন (ইন্সালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। এমতাবস্থায়, ০১ নং শিকারীপাড়া ইউনিয়ন পরিষদের ০৪ নং ওয়ার্ডের ইউনিয়ন পরিষদ ওয়ার্ড সদস্য এর পদটি ১২-০১-২০১৮ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করিলাম।

মোঃ তোফাজ্জল হোসেন  
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
হরিরামপুর, মানিকগঞ্জ।

বিজ্ঞপ্তিসমূহ

তারিখ : ১৪ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

নং ০৫.৩০.৫৬২৮.০০০.০৪.০০১.১৮-৭০৭/১(৩২)—যেহেতু মানিকগঞ্জ জেলাধীন হরিরামপুর উপজেলার আজিমনগর ইউনিয়ন পরিষদের ৮নং ওয়ার্ডের সাধারণ আসনের নির্বাচিত সদস্য জনাব মোঃ মাসুদ খাঁন, পিতা-জয়নাল আবেদিন খাঁন, গ্রাম-হাতিঘাটা, ডাকঘর-ইব্রাহিমপুর, উপজেলা-হরিরামপুর, জেলা-মানিকগঞ্জ গত ০২-১২-২০১৭ খ্রিঃ তারিখে হৃদরোগ জনিত কারণে মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজিউন), সেহেতু স্থানীয় সরকার ইউনিয়ন পরিষদ আইন ২০০৯ এর ৩৫ ধারা ২ উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে আমি কাজী আরেফীন রেজওয়ান, উপজেলা নির্বাহী অফিসার, হরিরামপুর, মানিকগঞ্জ সর্বসাধারণের জ্ঞাতার্থে ০২ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ তারিখ হতে উক্ত আজিমনগর ইউনিয়ন পরিষদের ৮নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

নং ০৫.৩০.৫৬২৮.০০০.০৪.০০১.১৮-৭০৯/১(১৩)—যেহেতু মানিকগঞ্জ জেলাধীন হরিরামপুর উপজেলার রামকৃষ্ণপুর ইউনিয়ন পরিষদের ৪, ৫ ও ৬ নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা আসনের নির্বাচিত সদস্য জনাব বাছিয়া খাতুন, স্বামী- মোঃ গিয়াস উদ্দিন, গ্রাম-মানিকনগর, ডাকঘর-রামকৃষ্ণপুর, উপজেলা-হরিরামপুর, জেলা-মানিকগঞ্জ গত ১৯-১১-২০১৭ খ্রিঃ তারিখে হৃদরোগ জনিত কারণে মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজিউন), সেহেতু স্থানীয় সরকার ইউনিয়ন পরিষদ আইন ২০০৯ এর ৩৫ ধারা ২ উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে আমি কাজী আরেফীন রেজওয়ান, উপজেলা নির্বাহী অফিসার, হরিরামপুর, মানিকগঞ্জ সর্বসাধারণের জ্ঞাতার্থে ১৯ নভেম্বর ২০১৭ খ্রিঃ তারিখ হতে উক্ত রামকৃষ্ণপুর ইউনিয়ন পরিষদের ৪, ৫ ও ৬ নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা আসনের সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

কাজী আরেফিন রেজওয়ান  
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
দেলদুয়ার, টাঙ্গাইল

বিজ্ঞপ্তি

তারিখ : ০৮ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ০৫.৩০.৯৩২৩.০০০.১৩.০০৪.১৬-১৫(৭)—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলাধীন দেলদুয়ার উপজেলার এলাসিন ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনের সদস্য জনাব মোছাঃ রেনু বেগম, স্বামী-ধলা মিয়া, গ্রাম-মুন্সুরিয়া, ডাকঘর-এলাসিন, উপজেলা-দেলদুয়ার, জেলা-টাঙ্গাইল গত ২০-১২-২০১৭ খ্রিঃ তারিখ ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহে রাজিউন)।

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) উপ-ধারা মোতাবেক আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি সাবিনা ইয়াসমিন, উপজেলা নির্বাহী অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইল ২০-১২-২০১৭ খ্রি. তারিখ হতে টাঙ্গাইল জেলাধীন দেলদুয়ার উপজেলার এলাসিন ইউনিয়ন পরিষদের ৪, ৫, ৬ নং ওয়ার্ডের সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

সাবিনা ইয়াসমিন  
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
ভূঞাপুর, টাঙ্গাইল

বিজ্ঞপ্তি

তারিখ : ৩১ অক্টোবর ২০১৭ খ্রিঃ

নং ১৭.০৯.৯৩১৯.০০০.৪১.০০১.১৭-১৩৮—এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০১৬ এর টাঙ্গাইল জেলাধীন ভূঞাপুর উপজেলার অর্জুনা ইউনিয়নের ০৬ নং সাধারণ ওয়ার্ডের সদস্য জনাব মোঃ দীশা খান, পিতা-মৃত মজুম হোসেন খান, গ্রাম-জগতপুরা দক্ষিণ, ডাকঘর-নলিন বাজার, উপজেলা-ভূঞাপুর, জেলা-টাঙ্গাইল তিনি গত ৩০ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ তারিখ মৃত্যুবরণ করেন।

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(১) এবং ৩৫ এর (২) এর উপ-ধারা (১) অনুযায়ী নিম্নস্বাক্ষরকারী কর্তৃক টাঙ্গাইল জেলার ভূঞাপুর উপজেলাধীন অর্জুনা ইউনিয়নের ০৬ নং সাধারণ আসনের সদস্য পদটি শূন্য ঘোষণা করা হলো।

ঝোটন চন্দ  
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
তিতাস, কুমিল্লা

বিজ্ঞপ্তি

তারিখ : ১২ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ/২৬ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

নং ০৫.২০.১৯৯৪.০০০.৩৩.০২৪.১৭-১০৪৬—এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তিতাস উপজেলাধীন ৮নং জিয়ারকান্দি ইউনিয়ন পরিষদের ০৩ নং ওয়ার্ডের সাধারণ সদস্য জনাব মোঃ মোর্শেদ আলম, গ্রাম-নোয়াগাঁও, পোঃ-গৌরীপুর, উপজেলা-তিতাস, জেলা-কুমিল্লা গত ১১-১২-২০১৭ তারিখে মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০১০ এর অনুচ্ছেদ ৩৫(২) ধারা অনুযায়ী ৮নং জিয়ারকান্দি ইউনিয়ন পরিষদের ০৩ নং ওয়ার্ডের সাধারণ সদস্যের পদটি ১১-১২-২০১৭ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করা হলো।

মোহাম্মদ আলমগীর হোসেন  
উপজেলা নির্বাহী অফিসার।

## উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

দাউদকান্দি, কুমিল্লা

প্রজ্ঞাপন

তারিখ : ১৪ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ০৫.২০.১৯৩৬.৩৬.০০.০০.৩২.২০১৮-৫৬/১(১০)—এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বিটেশ্বর ইউনিয়নের ০২নং ওয়ার্ডের কদমতলী গ্রাম ০১ নং ওয়ার্ডে স্থানান্তরের বিষয়ে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ১৩(৭) অনুযায়ী সীমানা নির্ধারণ কর্মকর্তা কর্তৃক গৃহীত সিদ্ধান্তের সাথে জেলা প্রশাসক, কুমিল্লা মহোদয় কর্তৃক তাঁর কার্যালয়ের স্মারক নং-০৫.২০.১৯০০.০০৯.৪৩. ০০৫.১৭-১২৩৭, তারিখ : ০৮-১১-১৭ খ্রিঃ মোতাবেক একমত পোষণ করেন।

২। সীমানা নির্ধারণী কর্মকর্তা কর্তৃক তাঁর কার্যালয়ের স্মারক নং ৩২৪, তারিখ : ২৭-১১-২০১৭ খ্রিঃ মোতাবেক স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১৩(৮) ধারা অনুযায়ী “বিটেশ্বর ইউনিয়নের ০২নং ওয়ার্ডের কদমতলী গ্রাম ০১নং ওয়ার্ডে স্থানান্তর” পূর্বক ওয়ার্ড দুটির সীমানার প্রয়োজনীয় সংশোধন, পরিবর্তন বা রদবদল করে বিধি মোতাবেক নির্ধারিত স্থানে প্রকাশ করার ফলে কোন আপীল দায়ের না করায় চূড়ান্ত তালিকা প্রকাশ করেছেন এবং তালিকার সত্যায়িত কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করেন।

৩। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১৩(৮) ধারা অনুযায়ী “বিটেশ্বর ইউনিয়নের ০২নং ওয়ার্ডের কদমতলী গ্রাম ০১ নং ওয়ার্ডে স্থানান্তর” পূর্বক ওয়ার্ড দুটির সীমানা নিম্নবর্ণিতভাবে নির্ধারণ করা হলো।

(পুনর্গঠনের কার্যকারিতা বর্তমান পরিষদের মেয়াদ উত্তীর্ণের পর শুরু হবে)

জেলা : কুমিল্লা

উপজেলা : দাউদকান্দি

ইউনিয়ন : বিটেশ্বর ইউনিয়ন

পুনর্গঠনের পূর্বে			পুনর্গঠনের পরে		
ওয়ার্ড নং	কোড নং	ভোটের এলাকা	ওয়ার্ড নং	কোড নং	ভোটের এলাকা
১	২৮৪৯	কালসাধারণদিয়া	১	২৮৪৯	কালসাধারণদিয়া
	২৮৫০	নয়াকান্দি		২৮৫০	নয়াকান্দি
	২৮৫১	পাটনীকান্দি		২৮৫১	পাটনীকান্দি
২	২৮৫২	কদমতলী	২	২৮৫২	কদমতলী
	২৮৫৩	দুর্গাপুর		২৮৫৩	দুর্গাপুর
	২৮৫৪	পাঁচভিটি		২৮৫৪	পাঁচভিটি

মোঃ আল-আমিন

উপজেলা নির্বাহী অফিসার।

## উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

পরশুরাম, ফেনী

বিজ্ঞপ্তি

তারিখ : ১০ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ০৫.২০.৩০৫১.০০১.১৮.০০১.১৭-৫৮—চেয়ারম্যান, মির্জানগর ইউনিয়ন পরিষদ, পরশুরাম, ফেনী এর স্মারক নং-০৪, তাং-০৮-০১-২০১৮ খ্রিঃ তারিখের পত্রের পরিপ্রেক্ষিতে ফেনী জেলাধীন পরশুরাম উপজেলার মির্জানগর ইউনিয়ন পরিষদের ১, ২, ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা নির্বাচিত সদস্য জনাব আছমা আক্তার, স্বামী আলী আশ্রাফ, গ্রাম-মনিপুর, পোঃ-সুবার বাজার, উপজেলা-পরশুরাম, জেলা-ফেনী গত ২৮-১২-২০১৭ খ্রিঃ তারিখ মৃত্যুবরণ করেছেন।

২। এমতাবস্থায়, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা সদস্য পদ শূন্য হওয়া সংক্রান্ত ৩৫(১)(ঙ) ধারা অনুযায়ী আমি মোঃ রুহুল আমীন, উপজেলা নির্বাহী অফিসার, পরশুরাম, ফেনী সর্বসাধারণের অবগতির জন্য ফেনী জেলাধীন পরশুরাম উপজেলার মির্জানগর ইউনিয়ন পরিষদের ১, ২, ৩ নং ওয়ার্ডের সদস্য পদটি স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ (২)(১) ধারা মতে ২৮-১২-২০১৭ খ্রিঃ তারিখ রাত ১০.০০ ঘটিকার পর হতে শূন্য ঘোষণা করলাম।

মোঃ রুহুল আমীন

উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
জকিগঞ্জ, সিলেট

বিজ্ঞপ্তি

তারিখ : ২০ পৌষ ১৪২৪/০৩ জানুয়ারি ২০১৮

নং ০৫.৪৬.৯১৯৪.০০০.০৬.০০৮.১৬-১৭—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(ঙ)(২) ধারার প্রদত্ত ক্ষমতাবলে আমি মোহাম্মদ নাহিদুল করিম, উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত), জকিগঞ্জ, সিলেট এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জকিগঞ্জ উপজেলাধীন ০৩ নং কাজলসার ইউনিয়নের অন্তর্গত ০৬নং ওয়ার্ডের নির্বাচিত সদস্য জনাব গৌছ উদ্দিন গত ০১-০১-১৮ খ্রি. তারিখে মৃত্যুবরণ করেছেন (০৩ নং কাজলসার ইউপি চেয়ারম্যান তাঁর কার্যালয়ের ০১-০১-২০১৮ খ্রি. তারিখের ৯১.৯৪.৪৭(২৩২)১৮ নং স্মারক মারফত ০৩-০১-১৮ খ্রি. তারিখে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করে)। তাই উল্লিখিত বিধি মোতাবেক উক্ত ইউপি সদস্যের মৃত্যুজনিত কারণে ০৩নং কাজলসার ইউনিয়নের ০৬নং ওয়ার্ডের নির্বাচিত সদস্য পদটি ০১-০১-১৮ খ্রি. তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

মোহাম্মদ নাহিদুল করিম  
উপজেলা নির্বাহী অফিসার।

দুর্নীতি দমন কমিশন

প্রধান কার্যালয়

ঢাকা

প্রজ্ঞাপন

তারিখ : ০৪ ফেব্রুয়ারি ২০১৮

নং ০৪.০১.০০০০.১০৪.৮৪.০০১.১৭-৩৭৯৯—দুর্নীতি দমন কমিশনের গত ৩১-১২-২০১৭ তারিখের অনুষ্ঠিত ০৪/২০১৭ নং কমিশন সভার কার্যবিবরণীর ৫(i) অনুচ্ছেদের সিদ্ধান্ত অনুযায়ী দুর্নীতি দমন কমিশনে কর্মরত নিম্নোক্ত ২৮ জন শিক্ষানবিশ সহকারী পরিচালক-কে দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮-এর বিধি ৭(৩) অনুযায়ী তাদের নামের পার্শ্বে বর্ণিত তারিখ থেকে স্ব স্ব পদে চাকুরীতে স্থায়ী করা হলো :

ক্রঃ নং	নাম, পদবি ও কর্মস্থল	চাকুরীতে যোগদানের তারিখ	চাকুরীতে স্থায়ীকরণের তারিখ
১.	মোঃ আনোয়ার হোসেন, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।	২৬-৮-২০১৪	২৬-৮-২০১৪
২.	রেজাউল করিম, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ঢাকা-২।	০২-০৩-২০১৪	০২-০৩-২০১৪
৩.	মামুনুর রশীদ চৌধুরী, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।	০২-০৩-২০১৪	০২-০৩-২০১৪
৪.	সৈয়দ নজরুল ইসলাম, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, রাঙ্গামাটি।	২৬-৮-২০১৪	২৬-৮-২০১৪
৫.	মোঃ নাজমুল হুসাইন, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, খুলনা।	০২-০৩-২০১৪	০২-০৩-২০১৪
৬.	রতন কুমার দাশ, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা	০১-০৭-২০১৪	০১-০৭-২০১৪
৭.	মোঃ জাহিদ কালাম, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা	০২-০৩-২০১৪	০২-০৩-২০১৪
৮.	মোঃ রাশেদুল ইসলাম, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, রাজশাহী।	০১-৭-২০১৪	০১-৭-২০১৪
৯.	মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, রংপুর।	০১-৭-২০১৪	০১-৭-২০১৪
১০.	আল মামুন, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, নোয়াখালী।	১২-১০-২০১৪	১২-১০-২০১৪

ক্রঃ নং	নাম, পদবি ও কর্মস্থল	চাকুরীতে যোগদানের তারিখ	চাকুরীতে স্থায়ীকরণের তারিখ
১১.	মঈনুল হাসান রওশনী, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।	০১-৭-২০১৪	০১-৭-২০১৪
১২.	মোঃ খায়রুল হক, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।	০৫-৮-২০১৪	০৫-৮-২০১৪
১৩.	মোঃ আল-আমিন, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, বগুড়া।	০২-০৩-২০১৪	০২-০৩-২০১৪
১৪.	কমলেশ মন্ডল, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ফরিদপুর।	০২-০৩-২০১৪	০২-০৩-২০১৪
১৫.	মোঃ এরশাদ মিয়া, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, হবিগঞ্জ।	০১-৭-২০১৪	০১-৭-২০১৪
১৬.	মোঃ সিফাত উদ্দিন, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, বরিশাল।	০১-৭-২০১৪	০১-৭-২০১৪
১৭.	শেখ গোলাম মাওলা, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, পাবনা।	০২-৩-২০১৪	০২-৩-২০১৪
১৮.	মোঃ আবু সাঈদ, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ফরিদপুর।	১২-১০-২০১৪	১২-১০-২০১৪
১৯.	নারগিস সুলতানা, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, চট্টগ্রাম-২।	০১-৭-২০১৪	০১-৭-২০১৪
২০.	মোঃ আলমগীর হোসেন, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, রাজশাহী।	০১-৭-২০১৪	০১-৭-২০১৪
২১.	মোঃ হুমায়ুন কবীর, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, চট্টগ্রাম-২।	০২-৩-২০১৪	০২-৩-২০১৪
২২.	মোঃ আতিকুল আলম, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, টাঙ্গাইল।	০১-৭-২০১৪	০১-৭-২০১৪
২৩.	মোঃ আহসানুল কবীর পলাশ, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, কুমিল্লা।	০১-৭-২০১৪	০১-৭-২০১৪
২৪.	মোঃ রাউফুল ইসলাম, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।	০১-৭-২০১৪	০১-৭-২০১৪
২৫.	মোঃ শাহরিয়ার জামিল, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।	০২-৩-২০১৪	০২-৩-২০১৪
২৬.	রাম প্রসাদ মন্ডল, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ময়মনসিংহ।	০২-৩-২০১৪	০২-৩-২০১৪
২৭.	মোঃ আতিকুর রহমান, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।	০১-৭-২০১৪	০১-৭-২০১৪
২৮.	মোজাম্মিল হোসেন, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।	০১-৭-২০১৪	০১-৭-২০১৪

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

কাজী শফিকুল আলম  
পরিচালক (প্রশাসন ও সংস্থাপন)।